

Walmart

# সততা গড়ে তোলে আস্থা

## আমাদের আচরণবিধি

# সূচিপত্র



## আমাদের CEO-এর বার্তা 4

## আমাদের মূল্যবোধ ও আমাদের আচরণবিধি 6

## আমাদের আচরণবিধি কিভাবে ব্যবহার করতে হবে 8
কেন আমাদের একটি আচরণবিধি রয়েছে 9
কারা আমাদের আচরণবিধির আওতাধীন 9
কখন আওয়াজ তুলতে হবে 10
কিভাবে আওয়াজ তুলতে হবে 10
প্রতিশোধের ভয় ছাড়াই কথা বলুন 11

## সততা গড়ে তোলে আস্থা 12

## আস্থা আপনার থেকে শুরু হয় 14
নৈতিক সিদ্ধান্ত গ্রহণ করুন 15
স্বার্থের সংঘাত চিহ্নিত করুন এবং এড়িয়ে চলুন 16

## আমাদের সহযোগীদের সাথে আস্থা গড়ে তুলুন 20
কাজ ও কেনাকাটা করার জন্য একটি নিরাপদ জায়গা তৈরি করুন 21
একে অপরকে সম্মান করুন 22
সঠিক উপায়ে কাজ করুন 24

## আমাদের গ্রাহকদের সাথে আস্থা গড়ে তুলুন 26
নিরাপদ খাবার ও পণ্য বিক্রি করুন 27
পরিবেশকে সুরক্ষিত রাখুন 28
মানসম্পন্ন স্বাস্থ্যসেবা দিন 29

## আমাদের ব্যবসায় আস্থা গড়ে তুলুন 30
ন্যায্যভাবে প্রতিযোগিতা করুন 31
কখনোই ঘুষের সাথে জড়াবেন না 32
সঠিক রেকর্ড রাখুন 34
আন্তর্জাতিক বাণিজ্য সংক্রান্ত নীতিমালা মেনে চলুন। 35
অর্থ পাচার ও গ্রাহক জালিয়াতি প্রতিরোধ করুন 36
ডাটা ও প্রযুক্তি শ্রদ্ধার সাথে ও নৈতিকভাবে ব্যবহার করুন 38
দায়িত্বশীলভাবে সোর্স করুন 39
আমাদের সম্পত্তি সুরক্ষিত রাখুন 40
অভ্যন্তরীণ তথ্যের অপব্যবহার করবেন না 41

## রিসোর্সসমূহ 42

# আমাদের CEO-এর বার্তা



আমরা প্রায় ছয় দশক আগে এমন একটি কোম্পানি হওয়ার লক্ষ্যে আমাদের যাত্রা শুরু করি যা মানুষের সময় ও অর্থ সাশ্রয় করবে এবং তাদের উন্নত জীবনযাপন করতে সাহায্য করবে। সেই প্রথম দিনগুলোতে আমাদের জানার কোনো উপায় ছিল না যে সমাজে পরিবর্তন নিয়ে আসতে আমাদের ব্যবসার প্রসারকে ব্যবহারের জন্য আমরা এত বিশাল একটি সুযোগ পাবো। আমাদের চারপাশের বিশ্ব যখন পরিবর্তিত হচ্ছে—আমাদের শুরু করার সময়ের তুলনায় আজকে অনেক দ্রুত গতিতে—আমরা আরো একবার আমাদের প্রতিশ্রুতি নিশ্চিত করতে চাই যে আমরা শুধু পরিবর্তন ও প্রবৃদ্ধি নিয়ে আসবো না, বরং নেতৃত্বও দিবো।

আমরা প্রতিদিন আমাদের নিজেদেরকে স্মরণ করিয়ে দিই যে আমাদের কাজ শুধু আমরা কী অর্জন করছি তা নিয়ে নয়, বরং আমরা কিভাবে অর্জন করছি তা নিয়েও। আমাদের ব্যবসা পরিচালনার পদ্ধতি আমাদের বিক্রি করা পণ্য এবং সরবরাহ করা পরিষেবাগুলোর মতোই গুরুত্বপূর্ণ। এর অর্থ হলো আমরা যেসব কমিউনিটিতে ব্যবসা পরিচালনা করছি সেসব কমিউনিটির আইনগুলো মেনে চলা। কিন্তু এটি যথেষ্ট নয়। ওয়ালমার্টে কর্মরত সহযোগীরা আমাদের মূল্যবোধের ভিত্তিতে কর্মপরিচালনা করবেন বলে প্রত্যাশা করা হয়। আমাদের প্রত্যাশা হলো আপনি আপনার সব কাজে সুবিচার, সাম্যতা, ন্যায়পরায়ণতা, ও সততা বজায় রাখবেন। এভাবে কাজ করার মাধ্যমে, আমরা প্রত্যেকে আমাদের সংস্কৃতি গড়ার ক্ষেত্রে, আস্থা গড়ে তুলতে, এবং একটি কোম্পানি হিসেবে আমাদের উদ্দেশ্য পূরণ ও সম্ভাবনাকে কাজে লাগাতে সক্রিয় ভূমিকা পালন করতে সক্ষম হবো।

আমাদের কাছে কোন বিষয়গুলো গুরুত্বপূর্ণ তা আমাদের আচরণবিধি প্রতিফলিত করে। এটি আমাদের সবার জন্য প্রযোজ্য—আমার জন্য, আমাদের বোর্ডের সদস্য ও কর্মকর্তাদের জন্য, এবং ওয়ালমার্টের প্রত্যেক সহযোগীর জন্য। এছাড়াও আমরা আশা করি যে আমাদের ব্যবসায়িক অংশীদাররা আমাদের মূল্যবোধকে গ্রহণ করবেন এবং এসব উচ্চ স্ট্যান্ডার্ড বজায় রাখবেন। সহযোগী ও অংশীদারদের যারা এই মূল্যবোধসমূহ শেয়ার করেন না তারা ওয়ালমার্টের অংশ নন।

অনুগ্রহ করে আমাদের আচরণবিধি পড়ুন। প্রায়শই এটি উল্লেখ করুন। এটিকে আপনাকে সৎ ও ন্যায় সিদ্ধান্ত নিতে এবং আমাদের আচরণবিধিতে প্রযোজ্য আইন ও নীতিমালা মেনে চলতে দিকনির্দেশনা দিতে দিন। এর মূলে রয়েছে একটি সরল নির্দেশনা: সঠিক কাজটি করুন এবং আপনার কোনো উদ্বেগ দেখা দিলে অথবা ভুল কিছু হতে দেখলে আওয়াজ তুলুন।


আপনার অংশ করার জন্য ধন্যবাদ।

Doug

**ডাগ ম্যাকমিলন**
**প্রেসিডেন্ট ও CEO**
**ওয়ালমার্ট ইনক.**



# আমাদের মূল্যবোধ ও আমাদের আচরণবিধি



# আমাদের মূল্যবোধ

আমাদের গ্রাহক, কমিউনিটি, সহযোগী, ও ব্যবসায়িক অংশীদারদের আস্থা হলো আমাদের প্রতিযোগিতামূলক সুবিধা। আমাদের আচরণ সম্পর্কে চিন্তা করা এবং এটি নিশ্চিত করা গুরুত্বপূর্ণ যে আমরা এমন একটি সংস্কৃতি তৈরি করছি যা বিশ্বাসকে অনুপ্রাণিত করে। স্যাম ওয়ালটন একটি মূল্যবোধ-চালিত কোম্পানি প্রতিষ্ঠা করেছিলেন যা আজও চারটি প্রধান মূল্যবোধের উপর প্রতিষ্ঠিত: সম্মান, সেবা, উৎকর্ষতা, ও ন্যায়পরায়ণতা। এই মূল্যবোধগুলো কালজয়ী। যখন আমাদের আচরণ এই চারটি মূল্যবোধের সাথে সঙ্গতিপূর্ণ থাকবে, তখন আমরা আস্থা গড়ে তুলবো, আমাদের টিমগুলোর জন্য সঠিক পরিবেশ তৈরি করবো, এবং সাফল্য অর্জন করবো।

## ব্যক্তির প্রতি শ্রদ্ধা

আমরা মানুষের সাথে মর্যাদাপূর্ণ আচরণ করি, উদাহরণ দ্বারা নেতৃত্ব দিই, এবং একে অপরের কথা শুনি। আমরা মানুষের, ধারণার, ও অভিজ্ঞতার মধ্যে পার্থক্য খুঁজি এবং তা গ্রহণ করি।

## গ্রাহকদেরকে সেবা প্রদান করা

আমরা আমাদের গ্রাহকদের সর্বাগ্রে রাখি, তাদের প্রয়োজন ও প্রয়োজনীয়তাগুলো অনুমান করি, এবং তাদের প্রত্যাশাকে অতিক্রম করি।

## উৎকর্ষতার জন্য প্রচেষ্টা

আমরা একটি সেরা কর্মক্ষমতাসম্পন্ন দল এবং নিজেদের থেকে সেরাটুকু আশা করি। আমরা আমাদের কাজ ও ফলাফলের দায়ভার গ্রহণ করি।

## সততার সাথে কাজ করুন


আমরা সৎ, ন্যায়পরায়ণ, ও বস্তুনিষ্ঠ। আমরা উদ্বেগের বিষয়গুলো তুলে ধরি এবং সকল আইন ও আমাদের নীতিমালা মেনে চলি।

আমাদের উদ্দেশ্য ও মূল্যবোধসমূহ ধারাবাহিকভাবে অনুসরণ করার দাবি হলো আমাদের সব সিদ্ধান্ত ন্যায়পরায়ণতার সংস্কৃতি দ্বারা পরিচালিত হবে। আমরা সঠিকভাবে ব্যবসা পরিচালনার জন্য নিবেদিত। আমাদের আচরণবিধি কোম্পানি হিসেবে আমাদের পরিচয়ের প্রতিফলন ঘটায় এবং আমাদের দৈনন্দিন কর্মজীবনে আমরা কিভাবে ন্যায়পরায়ণতার সংস্কৃতিকে নিয়ে আসি তা তুলে ধরে। সততা গড়ে তোলে আস্থা এই কারণেই আমাদের সহযোগী, গ্রাহক, বিনিয়োগকারী, সরবরাহকারী, ও ব্যবসায়িক অংশীদাররা ওয়ালমার্টকে বেছে নেন—তারা জানেন যে আমরা এমন একটি ব্যবসা যার উপর তারা আস্থা রাখতে পারেন।

**"... কঠোর পরিশ্রম, সততা এবং চলে যাবার আগে পৃথিবীকে আমরা যখন এসেছি তার থেকে আরো ভালো করার জন্য নিবেদিত হওয়ার কোনো বিকল্প নেই।"**

- স্যাম ওয়ালটন, প্রতিষ্ঠাতা, ওয়ালমার্ট ইনক.

# আমাদের আচরণবিধি কিভাবে ব্যবহার করতে হবে



# কেন আমাদের একটি আচরণবিধি রয়েছে

ওয়ালমার্ট একটি রিটেইল কোম্পানি—পাশাপাশি লজিস্টিকস, স্বাস্থ্যসেবা, উৎপাদন, রিয়েল এস্টেট এবং প্রযুক্তি কোম্পানি। আমরা প্রতিনিয়ত পরিবর্তিত হচ্ছি। আমরা প্রতিদিন বহু সিদ্ধান্ত নিই এবং করণীয় সঠিক কাজটি সবসময় পরিষ্কারভাবে বোঝা যায় না। আমাদের আচরণবিধি আমাদেরকে এমন সিদ্ধান্ত নিতে সহায়তা করতে পারে যা আস্থা অর্জন করে এবং গড়ে তোলে। এটি আমরা একে অপরের কাছ থেকে যে আচরণ প্রত্যাশা করি এবং কোথায় আরো তথ্য বা সমর্থন পাওয়া যায় সে সম্পর্কে আমাদেরকে জানায়। আমাদের আচরণবিধি সেসব আচরণের উপর গুরুত্ব দেয় যেগুলো:



**আমাদের সহযোগীদের সাথে আস্থা গড়ে তুলুন**



**আমাদের গ্রাহকদের সাথে আস্থা গড়ে তুলুন**



**আমাদের ব্যবসায় আস্থা গড়ে তুলুন**

আমাদের আচরণবিধি জোর দেয় যে, আমরা যেখানে ব্যবসা পরিচালনা করি সেসকল স্থানের আইন ও বিধি মেনে চলতে ওয়ালমার্ট প্রতিশ্রুতিবদ্ধ। যেহেতু আমরা যুক্তরাষ্ট্রের একটি কোম্পানি যা বিশ্বব্যাপী কার্যক্রম পরিচালনা করে, বিশ্বজুড়ে আমাদের সহযোগীরা যুক্তরাষ্ট্রের কিছু আইনসহ প্রায়শই বাড়তি আইনি শর্তাবলির আওতাধীন থাকে। যখন স্থানীয় আইন বা সাধারণ প্রথা অতটা কঠোর নয়, তখনো আমাদের আচরণবিধি প্রযোজ্য হয়। যদি আপনি মনে করেন যে আমাদের আচরণবিধি স্থানীয় আইনের সাথে সাংঘর্ষিক, তাহলে কী করতে হবে সে বিষয়ে দিকনির্দেশনার জন্য আমাদের আইন বিভাগের সাথে যোগাযোগ করুন।

# কারা আমাদের আচরণবিধির আওতাধীন

আমাদের আচরণবিধি ওয়ালমার্টের সকল সহযোগী এবং এর সব সাবসিডিয়ারির জন্য প্রযোজ্য। এছাড়াও ওয়ালমার্ট ও এর সাবসিডিয়ারিসমূহের বোর্ড সদস্যদের ক্ষেত্রেও এটি প্রযোজ্য যখন তারা আমাদের পরিচালকের ভূমিকা পালন করেন। আমাদের আচরণবিধি একাধিক ভাষায় অনুবাদ করা হয়েছে যাতে আমাদের সহযোগীরা সহজেই এটি বুঝতে পারেন। আমাদের পরিবর্তন এবং নতুন সমস্যার মুখোমুখি হওয়ার সাথে সাথে ওয়ালমার্ট আমাদের আচরণবিধির বিষয়বস্তু পরিবর্তন করতে পারে। আমরা প্রত্যাশা করি যে আমাদের সরবরাহকারী, ভেন্ডর, পরিষেবা প্রদানকারী এবং অন্যান্য ব্যবসায়িক অংশীদাররা সততার সাথে কাজ করবেন এবং আমাদের মূল্যবোধকে সম্মান করবেন। এই তৃতীয় পক্ষগুলোর জন্য সুনির্দিষ্ট শর্তসমূহ সরবরাহকারীদের জন্য মানদণ্ড এবং/অথবা তাদের সাথে আমাদের চুক্তিতে অন্তর্ভুক্ত রয়েছে।

আমাদের আচরণবিধি লঙ্ঘনকারী সহযোগীরা ছাটাইকরণ পর্যন্ত এবং এটি সহ শাস্তিমূলক ব্যবস্থার সম্মুখীন হতে পারেন।

বিরল ক্ষেত্রে, আমাদের আচরণবিধির অংশবিশেষ রহিত করাটা যুক্তিযুক্ত হতে পারে। রহিত করার জন্য আবেদন করতে, আপনি যে কার্যক্রমের জন্য রহিত করতে চাচ্ছেন তা করার আগে এথিকস ও কমপ্লায়েন্স বিভাগে যোগাযোগ করুন। যখন নির্বাহী কর্মকর্তা বা পরিচালকরা মওকুফ চান, কেবল ওয়ালমার্টের পরিচালনা পর্ষদ (অথবা বোর্ডের একটি কমিটি) সেটি মঞ্জুর করতে পারে এবং আইন অনুযায়ী আবশ্যক হলে সেগুলো জনসম্মুখে প্রকাশ করা হবে।

# কখন আওয়াজ তুলতে হবে

আস্থা গঠনের জন্য আমাদের প্রয়োজন হলো সঠিক কাজটি করা এবং যদি আমাদের প্রশ্ন বা উদ্বেগ থাকে তাহলে আওয়াজ তোলা। যদি আপনি করণীয় সঠিক কাজটি সম্পর্কে না জানেন, তাহলে আপনার ম্যানেজার, আপনার পিপল লিড, অথবা এথিকস ও কমপ্লায়েন্স বিভাগ থেকে পরামর্শ নিন। এথিকস ও কমপ্লায়েন্স আপনাকে সঠিক পদক্ষেপ গ্রহণের বিষয়ে মতামত দিতে পারে। আপনার মতামত প্রকাশ করুন এবং আপনার প্রয়োজনীয় উত্তর নিন।

আপনি যদি আমাদের আচরণবিধি, কমপ্লায়েন্স নীতিমালা, সরবরাহকারীদের জন্য মানদণ্ড, বা আইন লঙ্ঘন করে এমন কার্যকলাপ দেখেন, সন্দেহ করেন অথবা এসব কার্যকলাপ সম্পর্কে আপনাকে জানানো হয়, তাহলে আপনাকে অবশ্যই এ বিষয়ে রিপোর্ট করতে হবে। দেখেও না দেখা অথবা অন্য কাউকে নেতৃত্ব দিয়ে দেওয়া সহজ মনে হতে পারে, কিন্তু অনৈতিক বা বেআইনি আচরণ আমাদের সবাইকে কষ্ট দেয়। এটি আস্থা নষ্ট করে। আপনার উদ্বেগ সম্পর্কে রিপোর্ট করুন এবং সকল অভ্যন্তরীণ তদন্তে সম্পূর্ণভাবে ও সততার সাথে সহযোগিতা করুন।

# কিভাবে আওয়াজ তুলতে হবে

**বেশিরভাগ উদ্বেগ আপনার ম্যানেজার, পিপল লিড, এথিকস ও কমপ্লায়েন্স, বা আইন বিভাগের কাছে রিপোর্ট করা যেতে পারে।**

**তবে, যদি আপনার উদ্বেগ নিম্নলিখিতগুলোর মধ্যে কোনোটি সম্পর্কে হয়ে থাকে, তাহলে তা অবিলম্বে সরাসরি গ্লোবাল এথিকস ও কমপ্লায়েন্স বিভাগে রিপোর্ট করতে হবে:**

- **ঘুষ (আমাদের দুর্নীতি দমন কমপ্লায়েন্স নীতিমালার যেকোনো সন্দেহজনক লঙ্ঘনসহ)**
- **কোম্পানির কোনো কর্মকর্তা অথবা কোনো কোম্পানির CEO এর সরাসরি অধীনস্তের দ্বারা আমাদের আচরণবিধির সম্ভাব্য লঙ্ঘন**
- **আর্থিক রেকর্ড জালিয়াতি অথবা প্রকৃত আর্থিক রিপোর্টিং এর উপর আমাদের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণে হস্তক্ষেপ করা**

বৈশ্বিক বা স্থানীয় নীতিমালা অন্যান্য বিষয়ে ইঙ্গিত করতে পারে যা অবশ্যই এথিকস ও কমপ্লায়েন্স বিভাগে সরাসরি রিপোর্ট করতে হবে।

এথিকস ও কমপ্লায়েন্স বিভাগে আসা সব রিপোর্ট যথাসম্ভব গোপনীয়তার সাথে বিবেচনা করা হয়। আপনি যদি নিজের পরিচয় দেন তাহলে তা ফলোআপে সহায়তা করবে। আপনি যদি নিজের পরিচয় দিতে স্বাচ্ছন্দ্য বোধ না করেন, তাহলে আপনি আইন অনুযায়ী অনুমোদিত সীমার মধ্যে এথিকস হেল্পলাইনে বেনামে রিপোর্ট করতে পারেন।

## যোগাযোগের উপায়

আপনার ম্যানেজার, পরবর্তী-স্তরের ম্যানেজার, পিপল লিড, এথিকস ও কমপ্লায়েন্স, বা আইন বিভাগের সাথে কথা বলুন।

www.walmartethics.com ethics@walmart.com

**800-963-8442 (1-800-WM-ETHIC)** যুক্তরাষ্ট্র, কানাডা, ও পুয়ের্তো রিকোতে, অথবা আপনার স্থানীয় ফোন নম্বরে যা আমাদের আচরণবিধির শেষে তালিকাভুক্ত রয়েছে। এথিকস হেল্পলাইন দিনে 24 ঘণ্টা, সপ্তাহে 7 দিন এবং বেশিরভাগ স্থানীয় ভাষায় পাওয়া যায়।

**ওয়ালমার্ট ইনক.**
দৃষ্টি আকর্ষণ: Global Ethics & Compliance, 702 SW 8th Street, Bentonville, AR 72716-0860

# প্রতিশোধের ভয় ছাড়াই কথা বলুন

ওয়ালমার্ট কোনো উদ্বেগ রিপোর্ট করার জন্য অথবা তদন্তে অংশ নেওয়ার জন্য প্রতিশোধ গ্রহণ সহ্য করে না। প্রতিশোধ নিতে তৎপর হওয়া যেকোনো সহযোগীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে। যদি আপনি মনে করেন যে কোনো উদ্বেগের রিপোর্ট করার জন্য আপনার বিরুদ্ধে প্রতিশোধ নেওয়া হয়েছে, তাহলে আপনার পিপল লিড বা এথিকস ও কমপ্লায়েন্স বিভাগে যোগাযোগ করুন।

আমরা জানি যে এগিয়ে আসতে এবং আপনার উদ্বেগ শেয়ার করতে সাহসের প্রয়োজন। সহযোগীদের নৈতিকতার উদ্বেগ সম্পর্কে রিপোর্ট করা থেকে নিরুৎসাহিত করা নিষিদ্ধ এবং এর ফলে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হতে পারে। যখন আমরা অন্যায়ের বিরুদ্ধে কথা বলি, আমরা আমাদের মূল্যবোধ ও আচরণবিধিকে সমর্থন করি। সরল বিশ্বাসের সাথে কোনো সমস্যা সম্পর্কে রিপোর্ট করাটা আপনাকে কোনো সমস্যায় ফেলবে না, এমনকি যদি আপনি অনিচ্ছাকৃতভাবে ভুলও করে থাকেন। জেনেশুনে মিথ্যা তথ্য জানানো আমাদের মূল্যবোধের পরিপন্থী এবং এর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেয়া হবে।

আমরা অসদাচরণের রিপোর্টগুলো যথাযথভাবে তদন্ত করি। আমরা শুধু যতটুকু জানা প্রয়োজন তার ভিত্তিতে তথ্য প্রকাশ করি। যদি আপনাকে কোনো তদন্তে অংশ নিতে বলা হয়, তাহলে সৎ ও পূর্ণাঙ্গ উত্তর দিন.



# সততা গড়ে তোলে আস্থা

## আস্থা আপনার **থেকে শুরু হয়**




পৃষ্ঠা 14-19

## আমাদের সহযোগীদের সাথে **আস্থা গড়ে তুলুন**



পৃষ্ঠা 20-25

## আমাদের গ্রাহকদের সাথে **আস্থা গড়ে তুলুন**



পৃষ্ঠা 26-29

## আমাদের ব্যবসায় আস্থা **গড়ে তুলুন**



পৃষ্ঠা 30-41


Walmart
FRANCISCO
Customer Serv Mgr

# আস্থা আপনার থেকে শুরু হয়



# নৈতিক সিদ্ধান্ত গ্রহণ করুন

যখন আমরা আমাদের মূল্যবোধের সাথে সামঞ্জস্যপূর্ণ সিদ্ধান্ত নিই এবং আমাদের কর্মের দায়ভার গ্রহণ করি তখন আমরা আস্থা অর্জন করি। নৈতিক হওয়ার অর্থ হলো সঠিক কাজটি করা, এমন কি যখন কেউ দেখছে না তখনও ।

## কর্মে সততা

- **আইন অনুসরণ করুন।** আপনার দায়িত্ব এবং আমাদের ব্যবসায়ের ক্ষেত্রে প্রযোজ্য আইনগুলো সম্পর্কে জানুন।
- **আমাদের আচরণবিধি সম্পর্কে জানুন এবং আমাদের মূল্যবোধ ধারণ করুন।** আমাদের আচরণবিধি পর্যালোচনা করুন এবং কিভাবে এটি এবং আমাদের নীতিমালা আপনার কাজের ক্ষেত্রে প্রযোজ্য হয় তা বুঝুন। সহযোগীদেরকে অবশ্যই আমাদের আচরণবিধি সম্পর্কে প্রয়োজনীয় প্রশিক্ষণ সম্পন্ন করতে হবে এবং স্বীকৃতি দিতে হবে যে তারা এটি পড়েছেন এবং বুঝতে পেরেছেন।
- **ওয়ালমার্টের সর্বোত্তম স্বার্থে কাজ করুন।** ওয়ালমার্টের একজন সহযোগী হিসেবে আপনি যে ব্যবসায়িক সিদ্ধান্ত নেবেন তাকে কখনোই ব্যক্তিগত স্বার্থ দ্বারা প্রভাবিত হতে দেবেন না।
- **ন্যায়পরায়ণ হোন।** স্বচ্ছ থাকুন এবং এমন সিদ্ধান্ত গ্রহণ করুন যা আমাদের মূল্যবোধকে প্রতিফলিত করে।
- **উদাহারণের মাধ্যমে নেতৃত্ব দিন।** আপনার সহকর্মী এবং টিমের সদস্যদের সাথে আমাদের মূল্যবোধ ও আচরণবিধি সম্পর্কে কথা বলুন।
- **কোনো সন্দেহ থাকলে–যোগাযোগ করুন।** আপনার যদি কোনো প্রশ্ন বা উদ্বেগ থাকে, তাহলে আপনার ম্যানেজার, পিপল লিড, এথিকস ও কমপ্লায়েন্স, বা আইন বিভাগকে জানান।

> **"আপনার সুনামের সাথে আপোস করবেন না। এটি একটি মূল্যবান বস্তু। আপনার সততার সাথে আপোষ করবেন না... সুনাম বজায় রাখুন।"**
>
> - স্যাম ওয়ালটন, প্রতিষ্ঠাতা, ওয়ালমার্ট ইনক.

## কোনো কাজ করার আগে, এই প্রশ্নগুলো জিজ্ঞেস করুন

- **এটি কি আইনসম্মত?**
- **এটি কি আমাদের মূল্যবোধ ও আচরণবিধির সাথে সামঞ্জস্যপূর্ণ?**
- **এটি কি ওয়ালমার্টের সেরা স্বার্থ?**

যদি এগুলোর কোনোটির উত্তর "না" হয়, তাহলে এটি করবেন না। যদি আপনি উত্তরটির বিষয়ে নিশ্চিত না হন, তাহলে নির্দেশনার জন্য আপনার ম্যানেজার, পিপল লিড, এথিকস ও কমপ্লায়েন্স, অথবা আইন বিভাগের সাথে যোগাযোগ করুন।

## ম্যানেজারের দায়িত্ব

**নেতার কর্তব্য হলো সততার প্রচারণা চালানো এবং আস্থা গড়ে তোলা। যদি আপনি অন্যদেরকে নেতৃত্ব দেন অথবা তদারকি করেন, তাহলে ওয়ালমার্ট আপনার কাছ থেকে প্রত্যাশা করে:**

1. আমাদের মূল্যবোধের সাথে সামঞ্জস্যপূর্ণভাবে প্রত্যাশা নির্ধারণ করা, প্রশ্ন বা উদ্বেগগুলোকে সঠিকভাবে সামলানো, এবং নীতিমালা অনুযায়ী আবশ্যকভাবে সমস্যাগুলো সম্পর্কে রিপোর্ট করা।
2. আপনার সহযোগীদের কথা শুনুন যারা পরামর্শ চায় বা উদ্বেগ প্রকাশ করে।
3. অসদাচরণের রিপোর্টগুলো গুরুত্ব সহকারে নিন এবং সেগুলো সঠিকভাবে ব্যবস্থাপনা করা হয়েছে তা নিশ্চিত করুন।
4. হয়রানি, ভয় দেখানো, ও প্রতিশোধ নেওয়ার বিরুদ্ধে সোচ্চার হোন।

# স্বার্থের সংঘাত চিহ্নিত করুন এবং এড়িয়ে চলুন

পক্ষপাতহীন ও বস্তুনিষ্ঠ সিদ্ধান্তগুলো আমাদের সহযোগী, গ্রাহক ও তৃতীয় পক্ষগুলোর মধ্যে আস্থা তৈরি করে। ব্যবসায়িক সিদ্ধান্ত নেওয়ার সময় আমরা ওয়ালমার্টের স্বার্থকে ব্যক্তিগত স্বার্থের আগে স্থান দিই। যখন ওয়ালমার্টে আমাদের কাজের মধ্যে ব্যক্তিগত স্বার্থ হস্তক্ষেপ করে অথবা হস্তক্ষেপ করার সম্ভাবনা দেখা দেয়, তখন স্বার্থের সংঘাত সৃষ্টি হয়। যদিও আমরা প্রতিটি পরিস্থিতি তালিকাভুক্ত করতে পারি না, যেসব সাধারণ পরিস্থিতি কোনো দ্বন্দ্ব বা দ্বন্দ্বের ধারণা তৈরি করতে পারে সেগুলো জানা এবং এড়ানো গুরুত্বপূর্ণ। বাইরের কর্মসংস্থান, আর্থিক বিনিয়োগ, উপহার ও বিনোদন এবং ব্যক্তিগত সম্পর্ক হলো এমন সব ক্ষেত্র যেগুলোতে সংঘাত সৃষ্টি হতে পারে।

যদি আপনি বুঝতে পারেন যে কোনো কার্যকলাপ বা পরিস্থিতি বস্তুনিষ্ঠ ব্যবসায়িক সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে আপনার সক্ষমতাকে প্রভাবিত করতে পারে অথবা প্রভাবিত করছে বলে মনে হতে পারে, তাহলে আপনার ম্যানেজার, পিপল লিড, বা এথিকস ও কমপ্লায়েন্স বিভাগকে জানান। কোনো সংঘাত এড়ানোর বা সমাধানের জন্য পদক্ষেপ নিতে তারা আপনাকে সহায়তা করতে পারে।

## বাইরের কর্মসংস্থান ও ব্যবসায়িক স্বার্থ

- আপনি একজন ম্যানেজমেন্ট সহযোগী বা বেতনভুক্ত সহযোগী হলে কোনো প্রতিযোগীর হয়ে কাজ করবেন না।
- আপনার পার্শ্ব ব্যবসায়ের প্রচারের জন্য আপনার ওয়ালমার্টের পদবি ব্যবহার করবেন না। আপনার পার্শ্ব ব্যবসা ওয়ালমার্টে আপনার কাজের সাথে হস্তক্ষেপ করতে পারবে না অথবা আপনার সহযোগী ডিসকাউন্ট কার্ডসহ ওয়ালমার্টের কোনো রিসোর্স ব্যবহার করতে পারবে না। এটি ওয়ালমার্টকে পণ্য সরবরাহ করতে পারবে না, আপনার সাথে ব্যবসায়িক সম্পর্ক বা আপনার প্রভাব রয়েছে এমন কোনো বিদ্যমান বা সম্ভাব্য ওয়ালমার্ট সরবরাহকারীকে পণ্য সরবরাহ করতে পারবে না, ওয়ালমার্টের সাথে প্রতিযোগিতা করতে পারবে না, অথবা ওয়ালমার্টকে নেতিবাচকভাবে প্রতিফলিত করতে পারবে না।
- ওয়ালমার্টের পক্ষে কাজ করার সময়, আপনি এমন কোনো ব্যবসা বা বিনিয়োগের সুযোগ শনাক্ত করতে পারেন যাতে ওয়ালমার্টের স্বার্থ রয়েছে। নিজের জন্য এমন কোনো সুযোগ গ্রহণ করবেন না যা আপনি নিজের পদমর্যাদা অথবা ওয়ালমার্টের সম্পত্তি বা তথ্য ব্যবহারের মাধ্যমে আবিষ্কার করেছেন।

**স্বার্থের সংঘাত সম্পর্কিত বৈশ্বিক নীতিমালা**

### এটি নিয়ে ভাবুন

**কোনো পরিস্থিতি দ্বন্দ্ব বা দ্বন্দ্বের ধারণা সৃষ্টি করতে পারে কিনা সে সম্পর্কে আপনি অনিশ্চিত থাকলে এই প্রশ্নগুলো জিজ্ঞেস করুন:**

1. **এটি কি সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে আমার বস্তুনিষ্ঠতা বা বিচার-বিবেচনা করার ক্ষমতাকে প্রভাবিত করতে পারে?**
2. **এটি অন্যদের কাছে দ্বন্দ্ব হিসেবে বিবেচিত হতে পারে?**

যদি এই প্রশ্নের যেকোনো একটির উত্তর “হ্যাঁ” হয়, অথবা আপনি যদি উত্তরের বিষয়ে নিশ্চিত না হন, তাহলে পরামর্শের জন্য আপনার ম্যানেজার, পিপল লিড, বা এথিকস ও কমপ্লায়েন্স বিভাগের কাছে যান।



## আর্থিক বিনিয়োগ

- কোনো ওয়ালমার্ট সরবরাহকারীর সাথে বিনিয়োগ করবেন না যদি আপনি ওয়ালমার্টের সাথে সরবরাহকারীর সম্পর্ক প্রভাবিত করতে পারেন।
- কোনো প্রতিযোগীর সাথে উল্লেখযোগ্য স্বার্থ (যেমন, শেয়ারের মালিকানা) রাখবেন না। সুনির্দিষ্ট বিধিনিষেধের জন্য স্বার্থের সংঘাত সংক্রান্ত বৈশ্বিক নীতিমালা দেখুন।

## উপহার ও বিনোদন

- যদি আপনি আপনার ওয়ালমার্টের ভূমিকায় কোনো সরবরাহকারীর সাথে কাজ করেন অথবা কাজ করতে পারেন তাহলে সেই সরবরাহকারীর কাছ থেকে উপহার ও বিনোদন প্রত্যাখ্যান করুন। আমরা যে সরবরাহকারীদের সাথে কাজ করি তার থেকে কোনো সুবিধা গ্রহণ করা একটি দ্বন্দ্ব সৃষ্টি করতে পারে এবং তা ব্যবসায়ের ব্যয় বাড়িয়ে তুলতে পারে।
- নতুন সরবরাহকারীদেরকে উপহার ও বিনোদন সম্পর্কে আমাদের নীতিমালা ব্যাখ্যা করুন। আমরা যে দেশগুলোতে কাজ করি সেগুলোতে প্রচলিত রীতি আলাদা হতে পারে, তবে উপহার ও বিনোদন সম্পর্কিত আমাদের নীতিমালা আমরা যেখানেই ব্যবসা করি সেখানেই প্রযোজ্য হবে।
- যেকোনো সরকারি কর্মকর্তার কাছ থেকে উপহার ও বিনোদন প্রত্যাখ্যান করুন।
- আমাদের ক্রয়ের সম্ভাবনা রয়েছে এমন পণ্য বা ব্যবসা সম্পর্কে আরো ভালোভাবে বুঝতে আমরা প্রায়শই পণ্যদ্রব্যের নমুনা চাই বা সেগুলো পরীক্ষা করি। যদি আমরা যুক্তিযুক্তভাবে নমুনা সংগ্রহের মধ্যে সীমিত রাখি তাহলে তা কোনো সংঘাত নয়। নমুনা সংগ্রহ ও পণ্য পরীক্ষা সম্পর্কিত আপনার স্থানীয় নীতিমালা অনুসরণ করুন।.

**কোনো সন্দেহ থাকলে–যোগাযোগ করুন।**
যদি আপনার কোনো প্রশ্ন বা উদ্বেগ থাকে, তাহলে আপনার ম্যানেজার, পিপল লিড, অথবা এথিকস ও কমপ্লায়েন্স বিভাগকে জানান।



## সহযোগীর সাথে সম্পর্ক

### পরিবার

কোনো পরিবারের সদস্য নিয়োগের ক্ষেত্রে তদারকি করবেন না অথবা সরাসরি জড়িত থাকবেন না। পরিবারের কোনো সদস্যের জন্য নিয়োগের শর্তসমূহ (যেমন, বেতন, কর্মঘন্টা, বা কাজের দায়িত্ব) অথবা পারফরম্যান্স রেটিংকে প্রভাবিত করবেন না। নির্দিষ্ট কিছু বিরল পরিস্থিতিতে, পর্যাপ্ত পৃথকীকরণ ব্যবস্থা থাকলে কোম্পানি পরিবারের সদস্যদের একই রিপোর্টিং চেইনে কাজ করার অনুমতি দেয়। কোনো স্টোর, ক্লাব, বা বিতরণ কেন্দ্রে পর্যাপ্ত পরিমাণে পৃথকীকরণ ব্যবস্থা থাকার কোনো সম্ভাবনা নেই। যদি আপনি জানতে পারেন যে আপনার পরিবারের কোনো সদস্যকে আপনার রিপোর্টিং চেইনে নিয়োগের জন্য বিবেচনা করা হচ্ছে অথবা নিয়োগ করা হয়েছে, তাহলে আপনাকে এটি আপনার ম্যানেজার, পিপল লিড, বা এথিকস ও কমপ্লায়েন্স বিভাগে প্রকাশ করতে হবে।

- পরিবারের সদস্য হলো জন্ম, দত্তক, বিবাহ, পারিবারিক অংশীদারিত্ব বা সিভিল ইউনিয়নের সূত্রে আপনার যেকোনো আত্মীয় (স্ত্রী, সন্তান, পিতা-মাতা, ভাই-বোন, পিতামহ-পিতামহী, বা নাতি-নাতনি) এবং আপনার সম্পর্কের বিষয়টি নির্বিশেষে আপনার সাথে বসবাসকারী যেকোনো সদস্য।

### রোমান্টিক সম্পর্ক

কোনো সহযোগী যদি আপনার চেইন অফ কমান্ডে থাকে অথবা সহযোগীর চাকরির শর্তাবলি বা পারফরম্যান্স রেটিংয়ের উপরে আপনার প্রভাব থাকে, তাহলে সেই সহযোগীর সাথে রোমান্টিক সম্পর্কে জড়াবেন না। সাংগঠনিক কাঠামোতে পরিবর্তনের কারণে যদি আপনার সাথে ইতোমধ্যে রোমান্টিক সম্পর্ক রয়েছে এমন কোনো সহযোগী আপনার তত্ত্বাবধানে আসে, তাহলে আপনার অবিলম্বে আপনার ম্যানেজার, পিপল লিড, বা এথিকস ও কমপ্লায়েন্স বিভাগে সম্পর্কের বিষয়টি প্রকাশ করা উচিত।

- প্রেমিক/প্রেমিকা হলো এমন কেউ যার সাথে আপনি ডেটিং করছেন অথবা যার সাথে আপনার যৌন সম্পর্ক রয়েছে।

### বন্ধুত্ব কি স্বার্থের সংঘাতের কারণ হতে পারে?

হ্যাঁ, যদি আপনার ঘনিষ্ঠ ব্যক্তিগত বন্ধুত্বের গভীরতা আপনার উদ্দেশ্যমূলক সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতাকে প্রভাবিত করে। শুধু একই কমিউনিটির কিছু কার্যক্রমে অংশগ্রহণ করার মানে ঘনিষ্ঠ ব্যক্তিগত বন্ধুত্ব নয়। একই উপাসনালয়ে যোগ দেওয়া, একই ক্রীড়া দলে সন্তান থাকা, অথবা একই এলাকার সংগঠনে থাকাটা ঘনিষ্ঠ ব্যক্তিগত বন্ধুত্ব হিসেবে গণ্য হয় না। কোনো ঘনিষ্ঠ ব্যক্তিগত বন্ধুত্ব আপনার বস্তুনিষ্ঠতার উপর প্রভাব ফেলতে পারে কিনা তা আপনার নিজের পক্ষে নির্ধারণ করাটা কঠিন হতে পারে।

যদি কোনো ঘনিষ্ঠ ব্যক্তিগত বন্ধু জড়িত থাকে, তাহলে ব্যবসায়ের পরিস্থিতি কিভাবে সবচেয়ে ভালোভাবে পরিচালনা করতে হবে সে সম্পর্কে আপনার ম্যানেজার, পিপল লিড, বা এথিকস ও কমপ্লায়েন্স বিভাগের সাথে কথা বলুন।

**স্বার্থের সংঘাত সম্পর্কিত বৈশ্বিক নীতিমালা**

## সরবরাহকারীর সাথে সম্পর্ক

- যদি আপনার ঘনিষ্ঠ ব্যক্তিগত বন্ধু, পরিবারের সদস্য বা প্রেমিক/প্রেমিকা কোনো সরবরাহকারীর পক্ষে কাজ করে যেখানে আপনার প্রভাব আছে, তাহলে সম্ভাব্য দ্বন্দ্ব সামলানো সম্পর্কে পরামর্শের জন্য এ বিষয়ে আপনার ম্যানেজার, পিপল লিড, বা এথিকস ও কমপ্লায়েন্স বিভাগকে জানান।
- আপনার পরিবারের সদস্য, ঘনিষ্ঠ ব্যক্তিগত বন্ধু, বা প্রেমিক/প্রেমিকাকে নিয়োগ দিয়েছে এমন কোনো সরবরাহকারী বাছাইয়ে অংশ নেওয়ার আগে সম্ভাব্য দ্বন্দ্ব কিভাবে সামলাতে হয় সে সম্পর্কে পরামর্শ পেতে আপনার ম্যানেজার, পিপল লিড, বা এথিকস ও কমপ্লায়েন্স বিভাগের কাছে সম্পর্কের বিষয়টি প্রকাশ করুন।

## যদি এমন হয়?

**আমি ফিন্যান্সিয়াল সার্ভিসে কাজ করি এবং আমি এমন এক বন্ধুর কাছ থেকে জন্মদিনের উপহার পেয়েছি, যিনি আবার খেলনা সরবরাহকারী। আমি কি উপহারটি রাখতে পারি?**

হ্যাঁ। আপনার কাজের ক্ষেত্রে, এই সরবরাহকারীর সাথে ওয়ালমার্টের ব্যবসায়িক সম্পর্কের উপরে আপনার কোনো প্রভাব নেই। যদি আপনি এমন কোনো ভূমিকায় থাকেন যেখানে সরবরাহকারীর সাথে ওয়ালমার্টের সম্পর্কের উপর আপনার প্রভাব রয়েছে, তাহলে পরিস্থিতিটি কিভাবে সামলাতে হবে সে সম্পর্কে পরামর্শ পেতে আপনার ম্যানেজার, এথিকস ও কমপ্লায়েন্স বিভাগের সাথে কথা বলুন।

**আমি একাধিক ওয়ালমার্ট পণ্য সরবরাহকারীর সাথে একই এলাকায় বাস করি। আমি মার্চেন্ডাইজিংয়ে কাজ করি। আমার এলাকায় অনেকগুলো ব্লক পার্টি হয় যেখানে পুরো মহল্লা আমন্ত্রিত হয়। আমি যোগ দিলে এটা কি কোনো দ্বন্দ্ব হবে?**

না, আপনি যোগ দিলে এটা কোনো দ্বন্দ্ব হবে না। আপনি এলাকার সাধারণ সামাজিক কার্যক্রমে অংশ নিতে পারেন তবে যেসব সরবরাহকারীদের উপর আপনার প্রভাব রয়েছে তাদের সাথে আপনার সামাজিক যোগাযোগকে অন্যরা কিভাবে দেখতে পারে সে সম্পর্কে সচেতন থাকুন।



# আমাদের সহযোগীদের সাথে আস্থা গড়ে তুলুন



# কাজ ও কেনাকাটা করার জন্য একটি নিরাপদ জায়গা তৈরি করুন

ওয়ালমার্টকে কাজ করার এবং কেনাকাটার জন্য একটি নিরাপদ জায়গায় পরিণত করাটা আমাদের সহযোগী ও গ্রাহকদের সাথে আস্থা গড়ে তোলে — এবং এটি করাই সঠিক কাজ। যদি আপনি এমন কিছু দেখতে পান যা কারো স্বাস্থ্য বা নিরাপত্তাকে ঝুঁকিতে ফেলতে পারে, তাহলে সে বিষয়ে অবিলম্বে রিপোর্ট করুন এবং নিজেকে ও অন্যদেরকে সুরক্ষিত রাখতে পদক্ষেপ নিন।

## কর্মে সততা

- **অবস্থা অনিরাপদ হলে কাজ বন্ধ করুন এবং উদ্বেগ সম্পর্কে রিপোর্ট করুন।** আপনার বা অন্যদের ক্ষতি করতে পারে এমন ঝুঁকিগুলোর দিকে লক্ষ রাখুন।
- **ওষুধ বা মাদকের প্রভাবে থাকা অবস্থায় কাজ করবেন না।** অ্যালকোহল ও ওষুধের অনুপযুক্ত ব্যবহার আপনার কাজ এবং আপনার চারপাশের লোকজনের সুরক্ষাকে প্রভাবিত করতে পারে।
- **নিজেকে সুরক্ষিত রাখুন।** যথাযথ সুরক্ষা সরঞ্জাম ব্যবহার করুন এবং সকল প্রশিক্ষণ ও পদ্ধতি অনুসরণ করুন। জখম হলে বা জরুরি পরিস্থিতিতে কী করতে হবে তা জানুন।
- **যন্ত্রপাতি চালানোর ক্ষেত্রে সতর্ক হোন।** আপনি প্রশিক্ষিত না হলে, সঠিক সুরক্ষা সরঞ্জাম না থাকলে, এবং স্বাস্থ্য ও নিরাপত্তা সংক্রান্ত সব প্রক্রিয়া অনুসরণ না করে যন্ত্রপাতি বা সরঞ্জাম পরিচালনা করবেন না।
- **নিরাপদ ড্রাইভিংয়ের শর্তসমূহ অনুসরণ করুন।** রাস্তায় অন্যদের কথা চিন্তা করুন। দ্রুত পৌঁছে যাওয়ার চেয়ে নিরাপদে পৌঁছানো বেশি গুরুত্বপূর্ণ।
- **সহিংসতা ও হুমকির ক্ষেত্রে কোনো ছাড় নয়।** উদ্বেগজনক আচরণ সম্পর্কে একজন বেতনভুক্ত ম্যানেজার বা আপনার নিরাপত্তা ম্যানেজার/সম্পদ সুরক্ষা ম্যানেজারের কাছে তাৎক্ষণিকভাবে রিপোর্ট করুন।
- **স্বাস্থ্য ও নিরাপত্তা সংক্রান্ত আইন এবং আমাদের নীতিমালাসমূহ মেনে চলুন।** আপনার পদের জন্য প্রযোজ্য স্বাস্থ্য ও নিরাপত্তা সংক্রান্ত প্রক্রিয়াগুলো সম্পর্কে জানুন এবং সেগুলো মেনে চলুন।

## যদি এমন হয়?

**পিছনের ঘরটি বাক্সে পূর্ণ এবং অনেকগুলো চলাচলের পথ আটকে আছে। এটি নিরাপদ বলে মনে হচ্ছে না, তবে আমার বিভাগের ম্যানেজার এটি নিয়ে উদ্বিগ্ন না হতে বলেছেন। আমার কী করা উচিত?**

নিরাপত্তা সংক্রান্ত ঝুঁকিগুলো উপেক্ষা করা ঠিক নয়, এমনকি আপনার ম্যানেজার এ বিষয়ে উদ্বিগ্ন না হতে বললেও। অন্য ম্যানেজার বা আপনার পিপল লিডের সাথে আপনার উদ্বেগ সম্পর্কে কথা বলুন। আপনার আলোচনাগুলোর পরেও যদি আপনার কোনো নিরাপত্তা সংক্রান্ত উদ্বেগ থাকে তাহলে এথিকস ও কমপ্লায়েন্স বিভাগে যোগাযোগ করুন।

## বৈশ্বিক পরিবেশগত, স্বাস্থ্য ও সুরক্ষা নীতিমালা

## কোনো সন্দেহ থাকলে–যোগাযোগ করুন।

যদি আপনার কোনো প্রশ্ন বা উদ্বেগ থাকে, তাহলে আপনার ম্যানেজার, পিপল লিড, অথবা এথিকস ও কমপ্লায়েন্স বিভাগকে জানান।

# একে অপরকে সম্মান করুন

আমাদের ব্যক্তির প্রতি শ্রদ্ধার মূল্যবোধটি বৈচিত্র্য ও অন্তর্ভুক্তির প্রতি শ্রদ্ধার মাধ্যমে শুরু হয়। আমরা বিশ্বাস করি যে বিভিন্ন ব্যাকগ্রাউন্ড, ধরন, অভিজ্ঞতা, পরিচয়, এবং মতামত থাকা সহযোগীরা আমাদেরকে আরো ভালো একটি কোম্পানিতে পরিণত করে। অন্তর্ভুক্তি একটি ইচ্ছাকৃত কাজ—এটি হলো ব্যক্তির স্বাতন্ত্র্যকে বুঝতে পারা, সমর্থন করা, এবং জয় করতে সময় ও শক্তি বিনিয়োগ করা। বৈচিত্র্য ও অন্তর্ভুক্তি ব্যক্তিগত ভাবপ্রকাশ, সৃজনশীলতা, উদ্ভাবন, ও অর্জনকে অগ্রসর করে—এবং আমাদের গ্রাহকদের আরো ভালভাবে বুঝতে এবং সেবা করতে আমাদেরকে সাহায্য করে।

আমরা এমন কর্মক্ষেত্রের জন্য প্রতিশ্রুতিবদ্ধ যা হয়রানি ও বৈষম্যমুক্ত। আমরা এমন কোনো আচরণ সহ্য করি না যা কোনো ব্যক্তির মর্যাদার হানি ঘটায়, অনুপযুক্ত বা অযৌক্তিকভাবে কাজের পারফরম্যান্সে হস্তক্ষেপ করে, অথবা কোনো ব্যক্তির সুরক্ষিত অবস্থার উপর ভিত্তি করে ভীতিকর, প্রতিকূল, বা অন্যথায় অশোভন কাজের পরিবেশ তৈরি করে। যে কেউ হয়রানি বা বৈষম্য নিয়ে উদ্বেগ উত্থাপন করলে তার বিরুদ্ধে প্রতিশোধ গ্রহণও আমরা সহ্য করি না।

## বৈশ্বিক বৈষম্য ও হয়রানি প্রতিরোধ সংক্রান্ত নীতিমালা

### ওয়ালমার্ট কোনো ব্যক্তির নিম্নলিখিত বৈশিষ্ট্যগুলোর উপর ভিত্তি করে বৈষম্য বা হয়রানি সহ্য করে না:

- জাতি
- বর্ণ
- গোত্র
- নৃতাত্ত্বিক পরিচয়
- ধর্ম
- লিঙ্গ
- গর্ভধারণ
- জাতিগত উৎপত্তি
- বয়স
- প্রতিবন্ধীত্ব
- বৈবাহিক অবস্থা
- ভেটেরান স্ট্যাটাস
- সামরিক স্ট্যাটাস
- জিনগত তথ্য
- যৌন পছন্দ
- লিঙ্গ পরিচয় বা বহিঃপ্রকাশ
- আইনগতভাবে সুরক্ষিত অন্য যেকোনো স্ট্যাটাস

ওয়ালমার্ট যেসব দেশে ব্যবসা পরিচালনা করে সেসব দেশের সব আইন মেনে চলে।






## কর্মে সততা

- **অন্যরা যেমন আচরণ পছন্দ করেন তাদের সাথে তেমন আচরণ করুন।** সহযোগী, গ্রাহক, সদস্য, সরবরাহকারী, ও ওয়ালমার্টের সাথে কর্মরত তৃতীয় পক্ষগুলোর প্রতি পক্ষপাতহীন ও শ্রদ্ধাশীল থাকুন। অন্যদের পার্থক্যগুলোর মূল্যায়ন করুন এবং ভিন্ন মতামতগুলো শুনুন।
- **সঠিক উপায়ে নিয়োগ ও পদোন্নতি প্রদান করুন।** যোগ্যতা, প্রমাণিত দক্ষতা, অর্জন, ও অন্যান্য মেধার ভিত্তিতে সহযোগী নিয়োগ, ধরে রাখা, ও পদোন্নতি প্রদান করুন।
- **হয়রানি প্রতিরোধ করুন।** আপনার দলের সদস্য ও সহকর্মীদের সাথে যথাযথ আচরণ করতে সঠিক ভঙ্গি ও প্রত্যাশা নির্ধারণ করুন। যৌনতা প্রকাশ করে এমন মৌখিক, দৃষ্টিগ্রাহ্য, বা দৈহিক আচরণ গ্রহণযোগ্য নয়।
- **উদাহারণের মাধ্যমে নেতৃত্ব দিন।** আপনার কথা ও কাজে এক থাকুন। আপনার কাজ ও মন্তব্যগুলো অন্যরা কিভাবে গ্রহণ করতে বা ভুল বুঝতে পারেন তা উপলব্ধি করুন। আপনার টিমের সাথে সুস্পষ্ট প্রত্যাশা নির্ধারণ করুন।
- **হয়রানি ও বৈষম্য সংক্রান্ত আইন এবং আমাদের নীতিমালা মেনে চলুন।** কোন আচরণগুলোকে হয়রানি বা বৈষম্য বলে মনে করা হয় তা জানুন এবং একটি শ্রদ্ধাশীল ও একীভূত কর্ম পরিবেশ তৈরি করুন।
- **আওয়াজ তুলুন।** হয়রানি বা বৈষম্য কখনো সহ্য করবেন না। হয়রানি বা বৈষম্য সম্পর্কে আপনার ম্যানেজার, পিপল লিড, বা এথিকস ও কমপ্লায়েন্স বিভাগের কাছে রিপোর্ট করুন।

### হয়রানির উদাহরণ:

- অযাচিত যৌনতা প্রকাশ বা মন্তব্য
- কোনো সংরক্ষিত অবস্থার ওপর ভিত্তি করে বিদ্রুপ বা অযথার্থ কৌতুক
- কোনো সংরক্ষিত অবস্থার ওপর ভিত্তি করে কোনো ব্যক্তি বা দলের প্রতি উপহাস, বিদ্রুপ, বা শত্রুতা প্রদর্শন করে এমন লিখিত বা চিত্রিত উপকরণ প্রদর্শন
- অশ্লীল অথবা যৌনতা নির্দেশক বিষয়বস্তু বিতরণ
- কোনো সংরক্ষিত অবস্থার ওপর ভিত্তি করে বা সে সম্পর্কে তিরস্কার বা হুমকির মতো হয়রানিমূলক আচরণ

> **"আমাদের সংস্কৃতিকে আরো ব্যাপক আকারে সক্রিয়ভাবে গড়ে তুলতে আমাদেরকে অবশ্যই সম্মিলিতভাবে কাজ করতে হবে, শুধু আমাদের ভিন্নতাগুলোকে গ্রহণ করেই নয়...বরং কোম্পানির প্রতিটি ক্ষেত্রে...প্রতিদিন... সেগুলোকে উদযাপন করে।"**
>
> ডগ ম্যাকমিলন,
> প্রেসিডেন্ট ও CEO ওয়ালমার্ট ইনক.

**কোনো সন্দেহ থাকলে–যোগাযোগ করুন।**
যদি আপনার কোনো প্রশ্ন বা উদ্বেগ থাকে, তাহলে আপনার ম্যানেজার, পিপল লিড, অথবা এথিকস ও কমপ্লায়েন্স বিভাগকে জানান।

# সঠিক উপায়ে কাজ করুন

ওয়ালমার্টে, আমাদের সহযোগীরা আমাদের সাফল্যের চাবিকাঠি। আমরা কর্মীদেরকে তাদের কাজ ও সময়ের জন্য সঠিক পারিশ্রমিক প্রদান করি। আমরা মানবাধিকারকে সম্মান করি এবং আমরা যেখানেই ব্যবসা করি না কেন অপ্রাপ্তবয়স্কদের ব্যবহার করা বা জোরপূর্বক শ্রম আদায় নিষিদ্ধ করি। আমরা বিশ্বাস করি যে যখন আমরা একে অপরের ভালোর দিকে খেয়াল রাখবো, ঠিক তখনই আমরা আমদের গ্রাহক ও কমিউনিটির প্রতিও ভালোভাবে খেয়াল রাখবো।




## কর্মে সততা

- **যোগ্যতা যাচাই করুন।** ম্যানেজার বা পিপল লিডরা প্রত্যেক নতুন সহযোগীর পরিচিতি ও কর্ম অনুমোদন নিরীক্ষণ, যাচাই, ও নথিভুক্ত করবে, এর মধ্যে তাদের নিজ দেশ থেকে ভিন্ন কোনো দেশের বৈশ্বিক দায়িত্বপ্রাপ্ত সহযোগীরাও অন্তর্ভুক্ত থাকবে।
- **শুধু পারিশ্রমিক দেওয়া হলেই কাজ করুন।** পারিশ্রমিক ছাড়া কাজ করবেন না। বিরতি, বিশ্রামের দিন, ও ওভারটাইম সম্পর্কিত প্রক্রিয়াগুলো জানুন ও মেনে চলুন।
- **সাবধানে অংশীদার বেছে নিন।** সকল প্রয়োজনীয় অভ্যন্তরীণ অনুমোদন রয়েছে এমন সরবরাহকারী ও ভেন্ডরদের সাথেই শুধু কাজ করুন। সরবরাহকারীদের অবশ্যই সরবরাহকারীদের জন্য আমাদের মানদণ্ড ও তাদের চুক্তি মেনে চলতে হবে।
- **শ্রম, কর্মসংস্থান, ও অভিবাসন সংক্রান্ত সব আইন ও নীতিমালা মেনে চলুন।** আপনার পদের সাথে সংশ্লিষ্ট শ্রম ও কর্মসংস্থান সংক্রান্ত নীতিমালা ও প্রক্রিয়াগুলো জানুন।

**শ্রম ও কর্মসংস্থান সংক্রান্ত বৈশ্বিক নীতিমালা**
**সরবরাহকারীদের জন্য মানদণ্ড**

**কোনো সন্দেহ থাকলে–যোগাযোগ করুন।**
যদি আপনার কোনো প্রশ্ন বা উদ্বেগ থাকে, তাহলে আপনার ম্যানেজার, পিপল লিড, অথবা এথিকস ও কমপ্লায়েন্স বিভাগকে জানান।




## যদি এমন হয়?

**আমার ম্যানেজার আমার শিফট শেষে আমার গাড়ির জন্য যাওয়ার পথে আমাকে কার্টগুলো সংগ্রহ করতে বলেছেন। এটি কি অনুমোদিত?**

না। আপনার ম্যানেজারকে জানান যে আপনার সময় ইতোমধ্যে শেষ হয়েছে, এবং আপনি নির্দিষ্ট সময়ের বাইরে কাজ করে কোম্পানির নীতি অমান্য করতে চান না। যদি আপনার ম্যানেজার জোর করেন বা কঠোর হন, তাহলে এটি আপনার পরবর্তী পর্যায়ের ম্যানেজার, পিপল লিড, বা এথিকস ও কমপ্লায়েন্স বিভাগে রিপোর্ট করুন।

# আমাদের গ্রাহকদের সাথে আস্থা গড়ে তুলুন



# নিরাপদ খাবার ও পণ্য বিক্রি করুন

বিশ্বের সবচেয়ে বড় মুদি সামগ্রী বিক্রয়কারী ও খুচরা বিক্রেতা হিসেবে আমাদের দায়িত্বকে আমরা অত্যন্ত গুরুত্বের সাথে নিয়ে থাকি। আমাদের ক্রেতারা প্রত্যাশা করে যে আমাদের কাছ থেকে তাদের ক্রয়কৃত পণ্য নিরাপদ হবে। তাদের আস্থা অর্জন করতে, আমাদেরকে অবশ্যই নিরাপদ ও সঙ্গতিপূর্ণ খাদ্য ও পণ্যদ্রব্য সংগ্রহ, পরিবহন, প্রস্তুত, ও বিক্রি করতে হবে। আমাদের উন্নত অভ্যন্তরীণ মানদন্ড রয়েছে, এবং আমরা আমাদের সরবরাহকারীদের কাছেও তা আশা করি।

## কর্মে সততা

- **পণ্য প্রত্যাহার বা অপসারণের জন্য দ্রুত সাড়া দিন।** ক্রেতাদেরকে নিরাপদে রাখতে, প্রত্যাহার ও অপসারণ প্রক্রিয়াগুলো জরুরি ভিত্তিতে সম্পন্ন করুন।
- **খাদ্য ও পণ্যের সম্ভাব্য ঝুঁকিসমূহ সম্পর্কে রিপোর্ট করুন।** যদি আপনি কোনো আইটেমের নিরাপত্তা সমস্যা সম্পর্কে অবগত হন, তাহলে এটি আপনার ম্যানেজারকে জানান এবং এথিকস ও কমপ্লায়েন্স বিভাগে যোগাযোগ করুন।
- **সব ক্ষেত্রে খাদ্য নিরাপত্তা প্রদান করুন।** আমরা আমাদের পুরো সাপ্লাই চেইন জুড়ে খাদ্য নিরাপত্তা বজায় রাখি—সরবরাহকারী বা ওয়ালমার্ট প্রসেসিং ফ্যাসিলিটি থেকে শুরু করে পরিবহন ও গুদামজাতকরণের ক্ষেত্রে, এবং অনলাইনে বিতরণ বা দোকানে বিক্রয় পর্যন্ত—প্রতিটি পর্যায়ে খাদ্য নিরাপত্তা সংক্রান্ত শর্তাবলি রয়েছে। আপনার ওপর প্রযোজ্য শর্তসমূহ মেনে চলুন।
- **খাদ্য নিরাপত্তার হাই ফাইভ মেনে চলুন।** খাদ্যের নিরাপত্তা দিতে খাদ্য নিরাপত্তার হাই ফাইভ সম্পর্কে জানুন ও মেনে চলুন।
- **আপনার সরবরাহকারীদেরকে জানুন।** আমাদের খাদ্য ও পণ্য নিরাপত্তা সংক্রান্ত শর্তসমূহ মেনে চলে এমন সরবরাহকারীদের কাছ থেকেই শুধু সংগ্রহ করুন।
- **খাদ্য ও পণ্য নিরাপত্তা আইন ও আমাদের নীতিমালা মেনে চলুন।** আপনার ভূমিকার সাথে সংশ্লিষ্ট খাদ্য নিরাপত্তা ও পণ্যের নিরাপত্তা সম্পর্কে জানুন এবং সেগুলো মেনে চলুন।

## যদি এমন হয়?


**Deli-তে আমার একজন সহকর্মী প্রায়ই বিরতি থেকে ফেরার পর তার হাত ধুতে ভুলে যায়। আমি তার সাথে হাত ধোয়া কতটা জরুরি সে বিষয়ে কথা বলেছি, কিন্তু সে এখনো প্রতিবার হাত ধোয় না। আমার কী করা উচিত?**

প্রতিবার ভালোভাবে হাত ধোয়া আবশ্যক এবং এটি আমাদের খাদ্যকে নিরাপদ রাখার মূল ভিত্তি। এই পরিস্থিতি সম্পর্কে আপনার ম্যানেজমেন্ট টিমের যেকোনো সদস্যের সাথে কথা বলুন। যদি আপনার ম্যানেজমেন্ট টিম আপনার উদ্বেগের বিষয়টি সমাধান না করে, তাহলে এথিকস ও কমপ্লায়েন্স বিভাগের সাথে যোগাযোগ করুন।

## খাদ্য নিরাপত্তা সংক্রান্ত বৈশ্বিক নীতিমালা, পণ্য নিরাপত্তা মেনে চলা সংক্রান্ত বৈশ্বিক নীতিমালা

### খাদ্য নিরাপত্তার সেরা পাঁচটি পরামর্শ

সেরা পাঁচটি পরামর্শ সম্পর্কেজানুন,এবং খাদ্য নিয়ে কাজ করার সময় সেগুলো মেনে চলুন।




## কোনো সন্দেহ থাকলে—যোগাযোগ করুন।

যদি আপনার কোনো প্রশ্ন বা উদ্বেগ থাকে, তাহলে আপনার ম্যানেজার, পিপল লিড, অথবা এথিকস ও কমপ্লায়েন্স বিভাগকে জানান।

# পরিবেশকে সুরক্ষিত রাখুন

আমরা আমাদের কমিউনিটির প্রতি যত্নশীল, এবং পরিবেশকে সুরক্ষিত রাখার জন্য আমাদের সবারই দায়িত্ব রয়েছে। আমাদের ফ্যাসিলিটিগুলো সুপরিকল্পিতভাবে নকশা করা এবং দায়বদ্ধতার সাথে ও পরিবেশ রক্ষার সাথে সঙ্গতিপূর্ণভাবে আমাদের ব্যবসা পরিচালনা করাটা আমাদের সম্পদসমূহ টিকিয়ে রাখতে এবং আমাদের পৃথিবীর দেখাশোনা করতে আমাদেরকে সাহায্য করে। আমরা কী করছি শুধু তাই নয়, বরং আমরা কিভাবে তা করছি সেটিই ভিন্নতা তৈরি করে।



## কর্মে সততা

- **পৃথকীকরণ ও রিসাইকেল করুন।** উপকরণগুলো পৃথকীকরণ ও রিসাইকেল করতে আপনার বাজার কর্মসূচিগুলো মেনে চলার মাধ্যমে বর্জ্য দূরীকরণে সাহায্য করুন।
- **ঝুঁকিপূর্ণ আইটেমগুলো সঠিকভাবে নাড়াচাড়া করুন।** ঝুঁকিপূর্ণ আইটেমগুলো সঠিকভাবে পরিবহন, নাড়াচাড়া, ও বিনষ্ট করুন। ঝুঁকিপূর্ণ উপকরণ ও ঝুঁকিপূর্ণ বর্জ্য আইনের সাথে সঙ্গতিপূর্ণতা নিশ্চিত করতে কর্পোরেট বাজার কর্মসূচিগুলো অনুসরণ করুন।
- **পরিবেশগত ঝুঁকি অথবা অপ্রয়োজনীয় বর্জ্য সম্পর্কে ব্যবস্থাপনা কর্তৃপক্ষের কাছে রিপোর্ট করুন।** যদি আপনি কোনো পরিবেশগত ঝুঁকি বা সম্পদের অপচয় দেখতে পান, তাহলে ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে জানান।
- **পরিবেশ আইন ও আমাদের নীতিমালা মেনে চলুন।** আপনার দায়িত্বের সাথে সম্পর্কিত পরিবেশ সংক্রান্ত নীতিমালা ও প্রক্রিয়াগুলো জানুন ও মেনে চলুন।

**বৈশ্বিক পরিবেশগত, স্বাস্থ্য ও সুরক্ষা নীতিমালা**

**কোনো সন্দেহ থাকলে–যোগাযোগ করুন।**
যদি আপনার কোনো প্রশ্ন বা উদ্বেগ থাকে, তাহলে আপনার ম্যানেজার, পিপল লিড, অথবা এথিকস ও কমপ্লায়েন্স বিভাগকে জানান।

# মানসম্পন্ন স্বাস্থ্যসেবা দিন

আমাদের গ্রাহকরা যখন ও যেখানে চান না কেন আমরা স্বাস্থ্যসেবা প্রদান করতে প্রতিশ্রুতিবদ্ধ। সঠিক উপায়ে পণ্য ও সেবা সরবরাহ আমাদের প্রতি গ্রাহকদের আস্থাকে মজবুত করে।

## কর্মে সততা

- **পেশাগত মানদণ্ডগুলো মেনে চলুন।** আপনার দায়িত্বের জন্য আবশ্যক সকল পেশাগত লাইসেন্স ও সার্টিফিকেট রাখুন। আপনার চাকরির দায়িত্বগুলো আইনসঙ্গতভাবে পালন করতে আপনার সামর্থ্যের সাথে সম্পর্কিত সকল বিষয় আপনার ম্যানেজারের কাছে রিপোর্ট করুন। আপনার লাইসেন্স ও সার্টিফিকেশনের কর্তৃত্বের বাইরে অথবা যদি আপনার প্রয়োজনীয় অনুমতিপত্র অকার্যকর বা প্রত্যাহার করা হয় তাহলে পেশাগত পরিষেবা প্রদান করবেন না।
- **মানসম্মত সেবা প্রদান করুন।** আমাদের লক্ষ্য হলো নিরাপদ ও দায়িত্বশীল উপায়ে মানসম্পন্ন রোগীর যত্ন প্রদান করা। আশা করা হয় যে আপনি নির্ভুল পেশাগত বিচক্ষণতা অনুশীলন করবেন এবং আপনার সেবা গ্রহণকারী রোগীদের স্বাস্থ্যসেবার প্রয়োজনগুলো বুঝতে কাজ করবেন।
- **প্রেসক্রিপশনের ওষুধপত্র সঠিকভাবে নাড়াচাড়া ও প্রদান করুন।** প্রেসক্রিপশনের ওষুধপত্র নিরাপদে নাড়াচাড়া, সেবনের পরামর্শ প্রদান, ও বিতরণের ক্ষেত্রে সকল আইন, নিয়ন্ত্রক কর্তৃপক্ষের নিয়ম-কানুন, ও নীতিমালা মেনে চলুন। দুর্ঘটনাক্রমে বা অযথার্থভাবে প্রেসক্রিপশন বা ওষুধ প্রদান সম্পর্কে যেকোনো প্রযোজ্য স্থানীয় গোপনীয়তার আইনের সাথে সঙ্গতিপূর্ণভাবে আপনার ম্যানেজারকে, ত্রুটি সম্পর্কে রিপোর্ট করার জন্য সুনির্দিষ্ট সিস্টেমগুলোতে, বা এথিকস ও কমপ্লায়েন্স বিভাগে রিপোর্ট করুন।
- **রোগীর গোপনীয়তা সুরক্ষিত রাখুন।** রোগীর স্বাস্থ্য সংক্রান্ত তথ্যের অযথার্থ ব্যবহার বা প্রকাশ করা থেকে বিরত থাকুন। রোগীর যেসব তথ্য আপনার দায়িত্ব পালনের জন্য প্রয়োজন নেই সেগুলোর দিকে কখনোই তাকাবেন না।
- **পণ্য ও পরিষেবার জন্য ন্যায্য ও নির্ভুলভাবে বিল করুন।** ত্রুটিপূর্ণভাবে প্রাপ্ত পেমেন্ট অবশ্যই ফেরত দিতে হবে, এবং বিলের সব ত্রুটি তদন্ত ও মীমাংসা করতে হবে। মেডিকেল পরিষেবাসমূহের জন্য বিল তৈরি অবশ্যই নির্ভুল ও সময়ানুগ হতে হবে, এবং পরিষেবাসমূহ অবশ্যই চিকিৎসাগতভাবে প্রয়োজনীয় হতে হবে।
- **স্বাস্থ্যসেবা আইন ও আমাদের নীতিমালা মেনে চলুন।** আপনার ভূমিকার সাথে সংশ্লিষ্ট স্বাস্থ্য ও সুস্থতা সংক্রান্ত প্রক্রিয়াগুলো জানুন এবং সেগুলো মেনে চলুন।

**স্বাস্থ্য ও সুস্থতা প্রতিপালন সংক্রান্ত বৈশ্বিক নীতিমালা**




**কোনো সন্দেহ থাকলে—যোগাযোগ করুন।**
যদি আপনার কোনো প্রশ্ন বা উদ্বেগ থাকে, তাহলে আপনার ম্যানেজার, পিপল লিড, অথবা এথিকস ও কমপ্লায়েন্স বিভাগকে জানান।

# আমাদের ব্যবসায় আস্থা গড়ে তুলুন



# ন্যায্যভাবে প্রতিযোগিতা করুন

আমরা বিশ্বাস করি যে মুক্ত ও ন্যায্য প্রতিযোগিতার মাধ্যমে মানসম্মত পণ্য ও পরিষেবাসমূহ প্রদান করা থেকেই সফলতা আসে। অ-প্রতিযোগিতামূলক অনুশীলন আমাদের গ্রাহকদের ক্ষতি করতে পারে। ন্যায়সঙ্গত প্রতিযোগিতা আরো শক্তিশালী উদ্ভাবন, কম দাম, ও উন্নততর মান নিশ্চিত করে।

## কর্মে সততা

- **আমাদের প্রতিযোগীদের চেয়ে স্বতন্ত্রভাবে প্রতিযোগিতা করুন।** প্রতিযোগীদের সাথে দাম, খরচ, প্রস্তাবিত মূল্য জমা দেয়া, ও কৌশলগত পরিকল্পনাগুলোর মতো সংবেদনশীল তথ্য শেয়ার করবেন না। প্রতিযোগী বা অন্যদের সাথে এমন কোনো চুক্তি করবেন না যা প্রতিযোগিতাকে সীমিত করে। যেমন, মূল্য, বিক্রয়ের শর্তসমূহ, পণ্যের সমাবেশ, মার্জিন, প্রমোশন, অথবা পণ্য, গ্রাহক, বা বাজার নির্ধারণ সম্পর্কে চুক্তি করবেন না।
- **সরবরাহকারী ও অন্যান্য তৃতীয় পক্ষগুলোর সাথে সঠিকভাবে মিথস্ক্রিয়া করুন।** আমাদের গ্রাহকদেরকে আরো উন্নত সেবা দিতে ওয়ালমার্টের লক্ষ্যের উপর মনোযোগ দিন। আমাদের সরবরাহকারীদের মাধ্যমে আমাদের প্রতিযোগীদের সম্পর্কে গোপনীয় তথ্য অনুসন্ধান বা প্রেরণ না করার বিষয়ে আমাদেরকে অবশ্যই সতর্ক থাকতে হবে। এছাড়াও আমরা কখনোই আমাদের সরবরাহকারীদের সম্পর্কে গোপনীয় তথ্য অন্য কোনো সরবরাহকারীর সাথে শেয়ার করবো না। যদি কোনো গোপনীয় তথ্য বা অযথার্থ চুক্তি উঠে আসে, তাহলে আলোচনাটি বন্ধ করে দিন। আপনি অংশ নিতে চান না তা স্পষ্টভাবে জানিয়ে দিন এবং বিষয়টি সম্পর্কে রিপোর্ট করুন।
- **বাজার গবেষণা যথাযথভাবে পরিচালনা করুন।** আপনাকে অন্যায়ভাবে গোপনীয় তথ্য প্রদানের জন্য কখনোই কাউকে উৎসাহিত করবেন না।
- **সৎ ও সঠিক থাকুন।** মূল্য, বাজারজাতকরণ, ও বিজ্ঞাপনের ক্ষেত্রে সবসময় সত্যবাদী থাকুন।
- **সঠিক উপায়ে পণ্য বিক্রয় করুন।** কোন পণ্যগুলোর বিক্রয়ে বিধিনিষেধ আছে তা জানুন (যেমন, অ্যালকোহল, তামাক), এবং বিধিনিষেধগুলো মেনে চলুন।
- **দিকনির্দেশনা চান।** যদি কখনো কোনো আলোচনা বা চুক্তি সঠিক হয়েছে কিনা সে বিষয়ে আপনি অনিশ্চিত থাকেন, তাহলে আইন বিভাগের কাছে পরামর্শ চান।
- **প্রতিযোগিতা ও ক্রেতা সুরক্ষা সংক্রান্ত আইন-কানুন এবং আমাদের নীতিমালাসমূহ মেনে চলুন।** আপনার দায়িত্বের ক্ষেত্রে প্রযোজ্য অ্যান্টি-ট্রাস্ট ও ক্রেতা সুরক্ষা সংক্রান্ত নীতি ও প্রক্রিয়াগুলো জানুন এবং সেগুলো মেনে চলুন।
- **সন্দেহজনক লঙ্ঘন সম্পর্কে রিপোর্ট করুন।** ওয়ালমার্টের অ্যান্টি-ট্রাস্ট ও প্রতিযোগিতার আইন সংক্রান্ত নীতিমালার যেকোনো সন্দেহজনক লঙ্ঘন সম্পর্কে এথিকস ও কমপ্লায়েন্স বা আইন বিভাগকে জানান।

**অ্যান্টিট্রাস্ট ও প্রতিযোগিতার আইন সংক্রান্ত বৈশ্বিক নীতিমালা**
**ক্রেতা সুরক্ষা সংক্রান্ত বৈশ্বিক নীতিমালা**

**কোনো সন্দেহ থাকলে–যোগাযোগ করুন।**
যদি আপনার কোনো প্রশ্ন বা উদ্বেগ থাকে, তাহলে আপনার ম্যানেজার, পিপল লিড, অথবা এথিকস ও কমপ্লায়েন্স বিভাগকে জানান।

# কখনোই ঘুষের সাথে জড়াবেন না

বিশ্বে যেখানেই ব্যবসা করি না কেন আমরা ন্যায়সঙ্গত ও সৎ প্রতিযোগিতা করে থাকি। আমরা কখনোই ঘুষের মাধ্যমে ব্যবসায়িক সুবিধা নেয়ার চেষ্টা করি না, এবং আমরা কোনো প্রকার উৎকোচ বা দুর্নীতি সহ্য করি না।

## কর্মে সততা

- **ঘুষ প্রদান বা গ্রহণ করবেন না।** কিছু দেশের আইনে সরকারি কর্মকর্তাকে ঘুষ দেয়া এবং বেসরকারি কর্মকর্তাকে ঘুষ দেয়ার মধ্যে পার্থক্য তৈরি করা হয়েছে। আমরা এই পার্থক্যগুলোর ওপর নির্ভর করি না। আমাদের জন্য, এটি সহজ—যেকোনো ব্যক্তিকে, যেকোনো সংস্থায়, যেকোনো পর্যায়ে—ঘুষ দেয়া অপরাধ।
- **তৃতীয় পক্ষগুলো কখনোই ঘুষ দেবে না।** ওয়ালমার্টের পক্ষে কর্মরত কোনো ব্যক্তি বা কোম্পানি ঘুষের প্রস্তাব, প্রদান, বা গ্রহণ করবে না। যদি ওয়ালমার্টের পক্ষে কোনো চুক্তি বা পরিষেবা সম্পন্ন করার একমাত্র পথ কেবল ঘুষ বিনিময়ই হয়ে থাকে, তাহলে আমরা আশা করি যে তৃতীয় পক্ষ সরবরাহকারীরা এটি প্রত্যাখান করবেন এবং এ বিষয়ে রিপোর্ট করবেন। আমরা ঘুষের মাধ্যমে ব্যবসা করি না।
- **দুর্নীতি দমন কমপ্লায়েন্স বিভাগকে সম্পৃক্ত করুন।** কোনো সরকারের সাথে যেকোনো চুক্তি করা অথবা তৃতীয় পক্ষ সহযোগীকে নিযুক্ত করার আগে দুর্নীতি দমন কমপ্লায়েন্স ও আইন বিভাগ থেকে অনুমোদন নিন।
- **দুর্নীতি দমন আইন ও আমাদের নীতিমালা মেনে চলুন।** উৎকোচ ও দুর্নীতি প্রতিরোধ সম্পর্কিত সকল প্রযোজ্য আইন মেনে চলার জন্য ওয়ালমার্ট প্রতিশ্রুতিবদ্ধ। আপনার স্থানীয় দুর্নীতি-বিরোধী কমপ্লায়েন্স প্রক্রিয়া ও নিয়ন্ত্রণগুলো জানুন ও মেনে চলুন। সেবামূলক অনুদান ও আর্থিক অনুদানের ক্ষেত্রে প্রদানের পদ্ধতি অনুসরণ করুন।
- **ঘুষের অভিযোগ অথবা ঘুষ দেওয়ার চেষ্টা সম্পর্কে তাৎক্ষণিকভাবে সরাসরি গ্লোবাল এথিকস ও কমপ্লায়েন্স বিভাগের কাছে রিপোর্ট করুন।.**

### ঘুষ কী?

ঘুষ হলো ব্যবসা প্রাপ্তি বা ধরে রাখার জন্য কোনো কাজ বা সিদ্ধান্তকে অন্যায়ভাবে প্রভাবিত করতে অথবা অন্য কোনো অনুচিত সুবিধা পাওয়ার জন্য টাকা বা মূল্য আছে এমন কিছু গ্রহণ, প্রদানের প্রস্তাব, প্রদান, প্রদানের প্রতিশ্রুতি, বা প্রদানের অনুমতি দেয়া।

ঘুষ শুধু নগদ অর্থেই সীমাবদ্ধ নয়। উপহার, ভ্রমণ, খাবার, বিনোদন, চাকরির প্রস্তাব, ও দাতব্য বা রাজনৈতিক অনুদানও ঘুষ হতে পারে।

**ঘুষের লাল পতাকাগুলো**

- অতিরিক্ত কমিশন প্রদান
- বড় মাপের ডিসকাউন্ট
- সরবরাহ ছাড়াই অস্পষ্ট পরামর্শ প্রদানের চুক্তিসমূহ
- অমিতব্যয়ী বিনোদন ও বিলাসবহুল উপহারের প্রস্তাব বা অনুরোধ

### তৃতীয় পক্ষ সহযোগী

তৃতীয় পক্ষ সহযোগী হলো ওয়ালমার্টের পক্ষে সরাসরি বা পরোক্ষভাবে, কোনো সরকারি কর্মকর্তা বা সরকারি সংস্থার সাথে, কর্মরত যেকোনো ব্যক্তি। এসব তৃতীয় পক্ষ ওয়ালমার্টের কঠোর ডিউ ডিলিজেন্স, চুক্তি, ও পর্যবেক্ষণের শর্তাবলির অধীন।

বৈশ্বিক দুর্নীতি-বিরোধী নীতিমালা

**কোনো সন্দেহ থাকলে—যোগাযোগ করুন।**
যদি আপনার কোনো প্রশ্ন বা উদ্বেগ থাকে, তাহলে আপনার ম্যানেজার, পিপল লিড, অথবা এথিকস ও কমপ্লায়েন্স বিভাগকে জানান।


## যদি এমন হয়?

**আমাদের বিতরণ কেন্দ্র ছেড়ে আসার পথে পুলিশ অফিসাররা ট্রাক থামিয়েছেন এবং বলেছেন পুলিশকে $50 ডলার না দেওয়া পর্যন্ত তারা ডেলিভারিতে দেরি করাবেন। আমার ম্যানেজার বলেছেন যে পুলিশকে প্রদানের জন্য আমরা $50 ডলারের গিফট কার্ড সাথে রাখা উচিত। এটি কি অনুমোদিত?**

না। আমরা পুলিশ অফিসাররাসহ, সরকারি কর্মকর্তাদেরকে প্রভাবিত করতে কোনো অযথার্থ পেমেন্ট করার অনুমতি দিই না। এই আইন নগদ টাকা এবং গিফট কার্ডের মত মূল্য আছে এমন যেকোনো আইটেমের জন্য প্রযোজ্য। এটি তাৎক্ষণিকভাবে গ্লোবাল এথিকস ও কমপ্লায়েন্স বিভাগের কাছে রিপোর্ট করুন।

**আমাদের খোলার জন্য নির্ধারিত পরবর্তী স্টোরটি পরিচালনা লাইসেন্সের জন্য প্রক্রিয়াধীন রয়েছে। প্রক্রিয়াটি দ্রুত সম্পন্ন করতে একজন সরকারি কর্মকর্তা অনুরোধ করেছেন আমরা যেন একটি কোম্পানিকে ভাড়া করি যেটি “এ বিষয়টি দেখাশোনা করবে।” এটি কি অনুমোদিত?**

না। আমরা সরকারের অনুরোধে কোনো নির্দিষ্ট তৃতীয় পক্ষকে নিযুক্ত করি না। কোনো সরকারি কর্মকর্তার সিদ্ধান্তকে প্রভাবিত করতে আমরা কোনো অন্যায় পেমেন্ট বা কর্মকান্ডের অনুমতি দিই না। আমাদের পক্ষে কর্মরত যেকোনো কোম্পানির ক্ষেত্রেও এটি প্রযোজ্য। এটি তাৎক্ষণিকভাবে গ্লোবাল এথিকস ও কমপ্লায়েন্স বিভাগের কাছে রিপোর্ট করুন।



# সঠিক রেকর্ড রাখুন

যথাযথ ও নির্ভুল আর্থিক রেকর্ড সংরক্ষণ আমাদের ব্র্যান্ডের প্রতি আস্থা গড়ে তোলে, আমাদের কৌশল সম্পর্কে জানায়, এবং কার্যক্রমগুলো দক্ষতার সাথে পরিচালনায় সহযোগিতা করে। আমরা সবাই এই দায়িত্ব শেয়ার করি।

## আর্থিক রেকর্ডের উদাহরণ

- বেতনের রেকর্ড
- চালান
- ব্যয়ের প্রতিবেদন
- বিক্রয় বা মালামাল সংক্রান্ত ডাটা
- যুক্তরাষ্ট্রের সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশনে জমা দেয়া কাগজপত্র

**"আপনার ব্যক্তিগত বা আমাদের কোম্পানির সততার চেয়ে বড় কোনো ব্যবসায়িক ফলাফল নেই। শর্টকাট নেয়ার চেয়ে বরং আমাদের আর্থিক ফলাফল খারাপ হওয়াই ভালো।"**

–ডগ ম্যাকমিলন,
প্রেসিডেন্ট ও CEO, ওয়ালমার্ট ইনক.

## কর্মে সততা

- **কখনোই কোনো রেকর্ড বা অ্যাকাউন্ট জালিয়াতি করবেন না।** উন্মুক্তভাবে শেয়ার ক্রয়-বিক্রয় হয় এমন একটি কোম্পানি হিসেবে, ওয়ালমার্টের রেকর্ডগুলো স্পষ্ট, নির্ভুল, সময়ানুবর্তী, ও পূর্ণাঙ্গ রাখার বিষয়ে আমাদের নির্দিষ্ট কিছু আইনি বাধ্যবাধকতা রয়েছে। কোনো ব্যবসায়িক লেনদেনকে কখনোই লুকানো, পরিবর্তন বা গোপন করবেন না।
- **রেকর্ড তৈরি ও ব্যবস্থাপনা করার সময় সকল অভ্যন্তরীণ প্রক্রিয়া ও নিয়ন্ত্রণগুলো মেনে চলুন।** এমনকি যদি আপনি প্রকাশের প্রস্তুতি বা আর্থিক প্রতিবেদনগুলো প্রস্তুত করার জন্য সরাসরি দায়িত্বপ্রাপ্ত নাও হন, তবুও আপনার প্রস্তুতকৃত ব্যবসায়িক রেকর্ডে সঠিক তথ্য রিপোর্ট করার জন্য আপনার দায়বদ্ধতা রয়েছে। কোম্পানির পদ্ধতি অনুসারে—অনুমোদন, ব্যয়, বিক্রয়, ব্যয়ের রিপোর্ট, এবং সময়ের রেকর্ডসহ—সঠিকভাবে তথ্য রেকর্ড করুন।
- **রেকর্ড ব্যবস্থাপনার শর্তগুলো পূরণ করুন।** রেকর্ড ব্যবস্থাপনা ও সংরক্ষণ সংক্রান্ত স্থানীয় নীতিমালা অনুসরণ করুন।
- **মিথ্যা আর্থিক রেকর্ডের অভিযোগ অথবা নির্ভুল আর্থিক প্রতিবেদনের ক্ষেত্রে আমাদের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণগুলোর সাথে হস্তক্ষেপের বিষয়ে অবিলম্বে গ্লোবাল এথিকস ও কমপ্লায়েন্স বিভাগে রিপোর্ট করুন।**

## যদি এমন হয়?

**একজন সহকর্মী আমাকে বলেছেন যে তিনি আমাদের আর্থিক তথ্যগুলো গড়পড়তা হিসাব করেন যাতে "ভালো মাসগুলো" আমাদের "খারাপ মাসগুলোতে" সহায়তা করতে পারে। এটি কি কোনো সমস্যা?**

হ্যাঁ। এধরনের উপায়ে আমাদের অ্যাকাউন্টগুলোর পরিবর্তন করা অসততা। এটি ব্যক্তি ও ওয়ালমার্টের জন্য গুরুতর পরিণতি সৃষ্টি করতে পারে। এটি তাৎক্ষণিকভাবে গ্লোবাল এথিকস ও কমপ্লায়েন্স বিভাগের কাছে রিপোর্ট করুন।

## কোনো সন্দেহ থাকলে–যোগাযোগ করুন।

যদি আপনার কোনো প্রশ্ন বা উদ্বেগ থাকে, তাহলে আপনার ম্যানেজার, পিপল লিড, অথবা এথিকস ও কমপ্লায়েন্স বিভাগকে জানান।

# আন্তর্জাতিক বাণিজ্য সংক্রান্ত নীতিমালা মেনে চলুন।

আমাদের ব্যবসার সাথে আন্তর্জাতিক সীমান্তের বাইরে, পুরো বিশ্ব জুড়ে পণ্য, পরিষেবা, তথ্য, ও প্রযুক্তি স্থানান্তর অন্তর্ভুক্ত রয়েছে। আমরা সঠিকভাবে পণ্য ও অন্যান্য আইটেম সংগ্রহ, আমদানি ও রপ্তানি করতে প্রতিশ্রুতিবদ্ধ। আমাদের আন্তর্জাতিক বাণিজ্য কার্যক্রম যথাযথভাবে পরিচালনা করাটা আমাদের ব্যবসায়ের প্রতি আস্থা অর্জন এবং বজায় রাখার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ, যা বিশ্বব্যাপী আমাদের গ্রাহকদেরকে সহায়তা করার জন্য প্রয়োজনীয় জিনিসগুলো আদান-প্রদান করতে আমাদেরকে সক্ষম করে।

## কর্মে সততা

- **সঠিক তথ্য সরবরাহ করুন।** শ্রেণিবিভাগকরণ, মূল্যায়ন, উৎস দেশ, এবং অন্যান্য প্রযোজ্য নিয়ন্ত্রক এজেন্সির ডাটা প্রদানের সময় যত্নশীল হোন।
- **ট্রেড কমপ্লায়েন্স আইন ও আমাদের নীতিমালা মেনে চলুন।** যদি সাপ্লাই চেইনে আপনার কাজের মধ্যে আন্তর্জাতিক সীমান্ত পাড়ি দিয়ে পণ্য আদান-প্রদান জড়িত থাকে, তাহলে আপনি যে দেশগুলোতে ব্যবসা করেন সে দেশগুলোর আইন-কানুন জানুন ও মেনে চলুন। একাধিক দেশের আইন প্রযোজ্য হতে পারে এই বিষয়টি অনুধাবন করুন। আন্তর্জাতিক সীমানা পেরিয়ে পণ্য চলাচলে সহায়তা করতে তৃতীয় পক্ষকে নিযুক্ত করার আগে, নিশ্চিত করুন যে এই জাতীয় তৃতীয় পক্ষের সকল প্রয়োজনীয় অভ্যন্তরীণ অনুমোদন রয়েছে (যেমন, ওয়ালমার্টের দুর্নীতি-বিরোধী কমপ্লায়েন্স-এর কাছ থেকে অনুমোদন)।
- **নিষেধাজ্ঞার আইন ও আমাদের নীতিমালা মেনে চলুন।** কোনো দেশ থেকে মালামাল সংগ্রহের আগে, নিশ্চিত করুন যে প্রযোজ্য আইনের অধীনে এটি করা অনুমোদিত। অনেক সরকার এমন দেশ ও এমন ব্যক্তিদের একটি তালিকা সংরক্ষণ করে যাদের সাথে কোম্পানিগুলো ব্যবসা করতে পারবে না। প্রযোজ্য স্থানীয় আইন অনুযায়ী, ওয়ালমার্টকে করতে নিষেধ করা হলে কোনো কোম্পানি বা ব্যক্তির সাথে ব্যবসা পরিচালনা করবেন না।
- **দিকনির্দেশনা চান।** আন্তর্জাতিক লেনদেনের বিষয়ে আলোচনা করার আগে, যেকোনো ব্যবসায়ের প্রভাব সম্পর্কে আলোচনা করতে এথিকস ও কমপ্লায়েন্স বা আইন বিভাগের সাথে যোগাযোগ করুন।

**ট্রেড কমপ্লায়েন্স সংক্রান্ত বৈশ্বিক নীতিমালা**
**বৈশ্বিক নিষেধাজ্ঞার নীতিমালা**

**কোনো সন্দেহ থাকলে–যোগাযোগ করুন।**
যদি আপনার কোনো প্রশ্ন বা উদ্বেগ থাকে, তাহলে আপনার ম্যানেজার, পিপল লিড, অথবা এথিকস ও কমপ্লায়েন্স বিভাগকে জানান।



# অর্থ পাচার ও গ্রাহক জালিয়াতি প্রতিরোধ করুন

মানি ট্রান্সফার, মানি অর্ডার, চেক নগদায়ন, বিল পেমেন্ট, উপহার কার্ড, ক্রেডিট কার্ড, ও বিমাসহ বিশ্বজুড়ে ওয়ালমার্ট আর্থিক পণ্য ও পরিষেবা সরবরাহ করে। বেশিরভাগ গ্রাহক ভালো উদ্দেশ্য নিয়ে লেনদেন করেন, তবে কিছু অপরাধী আমাদের পরিষেবাকে অর্থ পাচারের জন্য বা গ্রাহকদেরকে ক্ষতিগ্রস্ত করার জন্য ব্যবহারের চেষ্টা করে। অর্থ পাচার ও গ্রাহক জালিয়াতি রোধ করা আমাদের গ্রাহকদেরকে ও কোম্পানিকে সুরক্ষিত রাখে এবং গুরুতর অপরাধ বন্ধ করতে পারে।

## কর্মে সততা

- **আপনার গ্রাহককে জানুন।** আর্থিক পণ্য ও পরিষেবাসমূহের জন্য কখনো কখনো আমাদের গ্রাহকের অতিরিক্ত তথ্য সংগ্রহ করার প্রয়োজন হয়। প্রযোজ্য হলে গ্রাহকের তথ্য পর্যালোচনা করুন ও নির্ভুলভাবে ক্যাপচার করুন।
- **সন্দেহজনক আচরণ সম্পর্কে রিপোর্ট করুন।** যদি কোনো লেনদেন বা গ্রাহক সন্দেহজনক বলে মনে হয় অথবা যদি গ্রাহক সম্ভাব্য জালিয়াতির শিকার হতে যাচ্ছেন বলে মনে হয়, তাহলে লেনদেন পরিচালনা করার জন্য এবং সন্দেহজনক কার্যক্রম সম্পর্কে রিপোর্ট করার জন্য স্থানীয় প্রক্রিয়াসমূহ অনুসরণ করুন।
- **ওয়ালমার্ট এর অর্থ পাচার বিরোধী ও গ্রাহক জালিয়াতি বিরোধী নীতিমালা ও প্রক্রিয়াগুলো অনুসরণ করুন।** গ্রাহকদের সুরক্ষার জন্য এবং আমরা যেখানে কার্যক্রম পরিচালনা করি সেখানে রিপোর্ট ও অন্যান্য আইনি বাধ্যবাধকতা মেনে চলার বিষয়টি নিশ্চিত করার জন্য এগুলো তৈরি করা হয়েছে।

## বৈশ্বিক অর্থ পাচার বিরোধী ও আর্থিক পরিষেবা সংক্রান্ত নীতিমালা

### অর্থ পাচার কী?

অর্থ পাচার অপরাধমূলক আয়কে বৈধ আর্থিক ব্যবস্থায় রাখার মাধ্যমে সেগুলোকে আড়াল করে। এটি সন্ত্রাসবাদ, মাদক ব্যবসা, ও জালিয়াতিসহ বিভিন্ন অপরাধমূলক কার্যক্রমের সাথে যুক্ত।

**অর্থ পাচার এর লাল পতাকাগুলো**

যদি আপনি লাল পতাকাগুলো পর্যবেক্ষণ করেন, তাহলে লেনদেন পরিচালনা করার জন্য স্থানীয় প্রক্রিয়া অনুসরণ করুন, এবং প্রযোজ্য ক্ষেত্রে, সন্দেহজনক কর্মকাণ্ড সম্পর্কে রিপোর্ট করুন।

- যে কেউ অসম্পূর্ণ, মিথ্যা, বা সন্দেহজনক তথ্য প্রদান করে, প্রশ্নের উত্তর দিতে অস্বীকার করে, বা পরিচয় গোপন করে
- বাধ্যবাধকতা এড়ানোর জন্য এমনভাবে ক্রয় করা, যেমন সরকারের কাছে রিপোর্ট করা আবশ্যক এমন পরিমাণের নিচে একাধিক ছোট ছোট লেনদেন করা
- একাধিক মানি অর্ডার বা বিপুল পরিমাণে নগদ অর্থ ব্যবহার করে অর্থ প্রদান করা
- প্রচুর পরিমাণে প্রিপেইড পণ্য যেমন গিফট কার্ড ক্রয় করা
- ট্যাক্স বিভাগ বা আইন প্রয়োগকারী সংস্থার মতো সরকারি সংস্থাসহ অজানা ব্যক্তির জন্য গিফট কার্ড কেনা




## যদি এমন হয়?

**এটি একটি বিশেষভাবে ব্যস্ত দিন, এবং আমার গ্রাহকদের একটি অপেক্ষমাণ লাইন রয়েছে। লাইনের সামনের গ্রাহক এমন এক ব্যক্তির কাছে টাকা পাঠাতে চান যাকে তিনি চেনেন না, এবং আমি মনে করি এটি কোনো জালিয়াতির স্ক্যাম হতে পারে। আমার কী করা উচিত?**

যদি আপনি অর্থ পাচার বা কোনো জালিয়াতির স্ক্যাম বলে সন্দেহ করেন তাহলে আপনার দেশে সন্দেহজনক ও জালিয়াতিমূলক কার্যক্রম সম্পর্কে রিপোর্ট করার উপযুক্ত প্রক্রিয়া অনুসরণ করুন। যদি আপনার দেশে আইনসঙ্গতভাবে অনুমোদিত হয়, তাহলে লেনদেন সম্পূর্ণ না করে রিপোর্ট করুন। যদিও এতে বাড়তি সময় লাগবে এবং অপেক্ষমাণ গ্রাহকদের অসুবিধা হতে পারে, তবুও আপনি জালিয়াতি বা অন্যান্য অপরাধমূলক কার্যক্রম রোধ করতে পারেন।

## কোনো সন্দেহ থাকলে–যোগাযোগ করুন।

যদি আপনার কোনো প্রশ্ন বা উদ্বেগ থাকে, তাহলে আপনার ম্যানেজার, পিপল লিড, অথবা এথিকস ও কমপ্লায়েন্স বিভাগকে জানান।

# ডাটা ও প্রযুক্তি শ্রদ্ধার সাথে ও নৈতিকভাবে ব্যবহার করুন

যখন আমাদের গ্রাহক, সহযোগী ও ব্যবসায়িক অংশীদাররা আমাদের সাথে ডাটা ও তথ্য শেয়ার করেন, আমরা এটিকে নিরাপদে রাখার এবং এটি—ও প্রযুক্তিকে—তাদের প্রত্যাশিত উপায়ে নৈতিকভাবে ব্যবহারের গুরুত্ব বুঝতে পারি। আমরা শ্রদ্ধার সাথে প্রযুক্তি ব্যবহার করে, ব্যক্তির গোপনীয়তার প্রতি সম্মান জানিয়ে, এবং তাদের ডাটা সুরক্ষিত রেখে, আমাদের উপর তাদের যে আস্থা আছে তা বজায় রাখবো ও বৃদ্ধি করবো।

## কর্মে সততা

- **ব্যক্তি ও ব্যবসা আমাদের ওপর যে আস্থা রাখে তার প্রতি সম্মান দিন।** প্রযুক্তি ও ব্যক্তিগত বা ব্যবসায়িক তথ্য নিয়ে কাজ করার সময়, তা এমনভাবে করুন যা দেখায় যে আপনি ব্যক্তি ও আমাদের ব্যবসার কাছে এর গুরুত্ব সম্পর্কে বোঝেন এবং তাকে সম্মান করেন।
- **কোন তথ্য সংগ্রহ করা হচ্ছে এবং কেন করা হয়েছে সে বিষয়ে পরিষ্কার ধারণা দিন।** যখন আমরা ব্যক্তিদের কাছ থেকে তথ্য সংগ্রহ করি, তখন কোন তথ্য সংগ্রহ করা হচ্ছে তা স্পষ্টভাবে বলুন, এবং সেটি আপনার কেন প্রয়োজন তা সেই ব্যক্তিকে বলুন।
- **আপনি কিভাবে প্রযুক্তি ব্যবহার করছেন এবং আপনার সংগৃহীত তথ্যগুলো দিয়ে আপনি কী করছেন তা লোকদেরকে বলুন।** কারো তথ্য কিভাবে ব্যবহৃত হবে সে সম্পর্কে সৎ, স্বচ্ছ, ও স্পষ্টবাদী হোন। কেবল সেভাবেই এটি ব্যবহার করুন, যাতে আমরা অপ্রত্যাশিত, অব্যক্ত, বা অযাচিত ব্যবহারের দ্বারা মানুষকে বিস্মিত না করি।
- **আপনি কতটুকু ডাটা সংগ্রহ করবেন এবং কী পরিমাণ সময় ধরে এটি সংরক্ষণ করবেন সে সম্পর্কে চিন্তাভাবনা করুন।** আমরা আমাদের গ্রাহকের কেনাকাটার অভিজ্ঞতা উন্নত করতে এবং আমাদের ব্যবসায়িক কার্যক্রমে সাহায্য করার জন্য তথ্য সংগ্রহ করি। আমাদের সংগ্রহ করা প্রত্যেকটি তথ্য অবশ্যই আমাদের সংরক্ষণ ও সুরক্ষিত করতে হবে, সুতরাং কোনো তথ্য সংগ্রহের আগে আপনার সেটি আবশ্যক কিনা তা নিশ্চিত করুন। সংগৃহীত তথ্য সংরক্ষণ ও বিনষ্ট করার জন্য আপনার স্থানীয় রেকর্ড ব্যবস্থাপনা সংক্রান্ত নীতিমালা অনুসরণ করুন।
- **তথ্য সুরক্ষিত রাখুন।** অননুমোদিত অ্যাক্সেস বা প্রকাশ থেকে ব্যক্তিগত ও ব্যবসায়িক তথ্য সুরক্ষিত রাখুন। কোনো জ্ঞাত বা সন্দেহজনক অননুমোদিত অ্যাক্সেস বা প্রকাশের বিষয়ে আপনার স্থানীয় ডাটা ইন্সিডেন্ট রিপোর্টিং চ্যানেলের মাধ্যমে অবিলম্বে রিপোর্ট করুন।
- **ডাটা সুরক্ষা ও গোপনীয়তার আইন এবং আমাদের নীতিমালা মেনে চলুন।** আমাদের ডাটা সংক্রান্ত যেসব নীতিমালা, প্রক্রিয়া, ও নিয়ন্ত্রণগুলো আপনার ভূমিকা পালনের ক্ষেত্রে প্রযোজ্য সেগুলো সম্পর্কে জানুন এবং ডাটা ব্যবস্থাপনা করার সময় সেগুলো মেনে চলুন।
- **দিকনির্দেশনা চান।** কিভাবে ডাটা ব্যবস্থাপনা করতে হবে অথবা আপনার প্রকল্পে কোন আইন ও নীতিমালা প্রযোজ্য হবে সে সম্পর্কে আপনার কোনো প্রশ্ন থাকলে ডিজিটাল সিটিজেনশিপ, প্রাইভেসি, বা আইন বিভাগের সাথে যোগাযোগ করুন।

**প্রাইভেসি কমপ্লায়েন্স ও রেকর্ড সংক্রান্ত বৈশ্বিক নীতিমালা**
**ডাটা বিষয়ক ঘটনা রিপোর্ট করা সংক্রান্ত বৈশ্বিক নীতিমালা**

## যদি এমন হয়?

**আমি ভুলক্রমে গ্রাহকের তথ্য সম্বলিত একটি ইমেইল ভুল ব্যক্তিকে পাঠিয়েছি। আমার কী করা উচিত?**

কোনো গ্রাহকের বা ব্যক্তিগত তথ্য কোনো অননুমোদিত ব্যক্তিকে প্রেরণ করা হয়েছে এমন ঘটনাগুলো অবশ্যই আপনার স্থানীয় ডাটা ইন্সিডেন্ট রিপোর্টিং চ্যানেলের মাধ্যমে জানাতে হবে।

**আমি ব্যক্তিগত তথ্য প্রক্রিয়া করতে বাহ্যিক পরিষেবা সরবরাহকারীদেরকে ব্যবহার করতে চাই। আমার কী কী পদক্ষেপ গ্রহণ করা উচিত?**

তৃতীয় পক্ষগুলোকে অবশ্যই মূল্যায়ন করতে হবে, এবং অবশ্যই যথাযথ চুক্তি করতে হবে। চুক্তির জন্য সকল স্থানীয় প্রক্রিয়া অনুসরণ ও ডিউ ডিলিজেন্স পর্যালোচনা করুন।

**কোনো সন্দেহ থাকলে—যোগাযোগ করুন।**
যদি আপনার কোনো প্রশ্ন বা উদ্বেগ থাকে, তাহলে আপনার ম্যানেজার, পিপল লিড, অথবা এথিকস ও কমপ্লায়েন্স বিভাগকে জানান।

# দায়িত্বশীলভাবে সোর্স করুন

আমরা যে পণ্যগুলো বিক্রি করি সেগুলো উৎপাদনকারী ব্যক্তিদের অধিকারকে আমরা সম্মান করি। আমরা বিশ্বাস করি যে তাদের নিরাপদ ও স্বাস্থ্যকর কাজের পরিবেশ থাকা উচিত, এবং আমাদের সাপ্লাই চেইনে অপ্রাপ্তবয়স্ক বা জোরপূর্বক শ্রমের ব্যবহার আমরা নিষিদ্ধ করি।

## কর্মে সততা

- **আমাদের মানদণ্ড সম্পর্কে জানুন।** সরবরাহকারীদের জন্য আমাদের মানদণ্ড আমাদের সাপ্লাই চেইনে প্রত্যাশা নির্ধারণ করে। আমাদের সহযোগী ও সরবরাহকারীদের এই মানদণ্ড জানা ও অনুসরণ করা উচিত।
- **দায়িত্বশীল সরবরাহকারী নির্বাচন করুন।** শুধু এমন সরবরাহকারীদের সাথেই কাজ করুন যারা আমাদের দায়িত্বশীল সোর্সিং কমপ্লায়েন্স প্রোগ্রামের শর্তাবলি পূরণ করে এবং যারা আইনি, বাণিজ্যিক, ও ওয়ালমার্টের মানদণ্ড পূরণ করে এমন খাবার ও পণ্য উৎপাদন করতে প্রতিশ্রুতিবদ্ধ।
- **সরবরাহকারীদেরকে দায়বদ্ধ রাখুন।** সরবরাহকারীদেরকে ওয়ালমার্টের প্রয়োজন অনুসারে কারখানাগুলো প্রকাশ করতে হবে, সময়মতো অডিট সম্পন্ন করতে ও জমা দিতে হবে, এবং অডিটের সময় চিহ্নিত সকল অসঙ্গতি দূর করার জন্য কাজ করতে হবে।
- **আমাদের দায়িত্বশীল সোর্সিং সংক্রান্ত নীতিমালা অনুসরণ করুন।** আপনার পদের সাথে সংশ্লিষ্ট দায়িত্বশীল সোর্সিং প্রক্রিয়া সম্পর্কে জানুন এবং সেগুলো মেনে চলুন।
- **আওয়াজ তুলুন।** যদি আপনি সন্দেহ করেন যে কোনো সরবরাহকারী বা কারখানা সরবরাহকারীদের জন্য আমাদের মান পূরণ করছে না, তাহলে এথিকস ও কমপ্লায়েন্স বিভাগে যোগাযোগ করুন।

### যদি এমন হয়?

**সম্প্রতি কারখানা পরিদর্শনকালে, আমি লক্ষ করেছি যে কয়েকজন শ্রমিককে ভীত দেখাচ্ছিল, কিন্তু সরবরাহকারী বলেছেন যে সবকিছু ঠিক আছে। আমার কী করা উচিত?**

যদি আপনার সন্দেহ হয় যে শ্রমিকদের প্রতি দুর্ব্যবহার করা হচ্ছে, তাহলে সে বিষয়ে এথিকস ও কমপ্লায়েন্স বিভাগে রিপোর্ট করুন। তারা উদ্বেগটি খতিয়ে দেখবে এবং প্রয়োজন অনুযায়ী সরবরাহকারীর সাথে ফলোআপ করতে পারে।

> **"ওয়ালমার্ট কেবল গ্রাহক, সহযোগী, ও শেয়ারহোল্ডারদেরই নয়, বরং সাধারণভাবে সরবরাহকারী, কমিউনিটি, ও সমাজসহ সকল স্টেকহোল্ডারদের সুবিধার্থে কর্মকাণ্ড পরিচালনা করে, এই সমন্বিত মূল্যবোধের ধারণাতেই আমরা বিশ্বাস করি। নৈতিকভাবে ও সঠিক উপায়ে কাজ করা আমাদের জন্য গুরুত্বপূর্ণ।"**
>
> –ডগ ম্যাকমিলন,
> প্রেসিডেন্ট ও CEO ওয়ালমার্ট ইনক.

**দায়িত্বশীল সোর্সিং কমপ্লায়েন্স সংক্রান্ত বৈশ্বিক নীতিমালা**
**জোরপূর্বক শ্রম প্রতিরোধ সংক্রান্ত বৈশ্বিক নীতিমালা**
**সরবরাহকারীদের জন্য মানদণ্ড**

### কোনো সন্দেহ থাকলে—যোগাযোগ করুন।

যদি আপনার কোনো প্রশ্ন বা উদ্বেগ থাকে, তাহলে আপনার ম্যানেজার, পিপল লিড, অথবা এথিকস ও কমপ্লায়েন্স বিভাগকে জানান।



# আমাদের সম্পত্তি সুরক্ষিত রাখুন

ওয়ালমার্টের সম্পত্তির যত্ন নেওয়া আমাদেরকে প্রতিদিন কম খরচ (Every Day Low Cost) অর্জনে সহায়তা করে। ওয়ালমার্টের সম্পত্তি—কম্পিউটার, পণ্যদ্রব্য, সরঞ্জাম, আসবাবপত্র, যানবাহন, এবং অফিস সাপ্লাইসহ—সরবরাহ করা হয় যাতে আপনি নিজের কাজ করতে পারেন এবং ওয়ালমার্ট একটি ব্যবসা হিসেবে সফল হতে পারে। ওয়ালমার্টের সম্পত্তি যথাযথভাবে ব্যবহার করা এবং হারানো, চুরি হওয়া, অপব্যবহার, ও ক্ষতির হাত থেকে সুরক্ষিত রাখার জন্য আমাদের ওপর আস্থা রাখা হয়।

## কর্মে সততা

- **একজন ভালো তত্ত্বাবধায়ক হোন।** আমাদের রিসোর্স ও তহবিলের বিচক্ষণ ব্যবহার প্রতিদিন কম খরচ (Every Day Low Cost)-কে সক্ষম করে।
- **ওয়ালমার্টের ফান্ড সুরক্ষিত রাখুন।** উদ্দেশ্য অনুযায়ী ফান্ড ব্যবহার করুন। খরচ করার আগে প্রয়োজনীয় সকল অনুমোদন গ্রহণ করুন।
- **মেধা সম্পত্তি সুরক্ষিত রাখুন।** স্থানীয় আইন দ্বারা অনুমোদিত সীমা অনুসারে, আপনি আপনার কাজের অংশ হিসেবে যা কিছু তৈরি করেন—উদ্ভাবন, আবিষ্কার, ধারণা, শিল্পকর্ম, এবং অন্যান্য প্রক্রিয়ার উন্নয়নসহ—তার সবকিছুই ওয়ালমার্টের সম্পত্তি এবং আপনি কোম্পানি ছেড়ে চলে গেলে তখনো এগুলো ওয়ালমার্টের সম্পত্তি হিসেবেই থাকবে।
- **অপব্যবহার সম্পর্কে রিপোর্ট করুন।** যদি আপনি ওয়ালমার্টের সম্পত্তির অপব্যবহারের বিষয়ে জেনে থাকেন, তাহলে সে বিষয়ে আপনার ম্যানেজার, পিপল লিড, বা এথিকস ও কমপ্লায়েন্স বিভাগে রিপোর্ট করুন।

## যদি এমন হয়?

**একজন গ্রাহক একটি ক্ষতিগ্রস্ত আইটেম ফিরিয়ে দিয়েছে, এবং আমি জানি যে আমরা এটি বিক্রি করতে পারবো না। আমি কি এটি বাড়িতে নিয়ে যেতে পারি?**

না। কোনো পণ্য ক্ষতিগ্রস্ত বা পুরাতন হয়ে গেলেও সেটি তখনো ওয়ালমার্টের সম্পত্তি। ফেরত দেয়ার নির্ধারিত প্রক্রিয়া অনুযায়ী আইটেমটি তালিকাভুক্ত ও প্রক্রিয়া করুন।

## কোনো সন্দেহ থাকলে–যোগাযোগ করুন।

যদি আপনার কোনো প্রশ্ন বা উদ্বেগ থাকে, তাহলে আপনার ম্যানেজার, পিপল লিড, অথবা এথিকস ও কমপ্লায়েন্স বিভাগকে জানান।



# অভ্যন্তরীণ তথ্যের অপব্যবহার করবেন না

আপনি হয়তো আমাদের ব্যবসা সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্য জানেন যা জনসম্মুখে প্রকাশ করা হয়নি। অভ্যন্তরীণ তথ্য ওয়ালমার্টের বা আমাদের কোনো ব্যবসায়িক অংশীদারের স্টকের মূল্যকে প্রভাবিত করতে পারে। কেবল জনসম্মুখে এবং আইনসম্মতভাবে লভ্য তথ্যের উপর ভিত্তি করে কেনাবেচা করার মাধ্যমে আমরা সততা ও ন্যায্যতার জন্য ওয়ালমার্টের সুনাম বজায় রাখি।

## কর্মে সততা

- **অভ্যন্তরীণ তথ্যের ভিত্তিতে কেনা-বেচা করবেন না।** যেহেতু ওয়ালমার্ট যুক্তরাষ্ট্রের এমন একটি কোম্পানি যার শেয়ার উন্মুক্তভাবে ক্রয়-বিক্রয় হয়, আমাদের সবাইকে অবশ্যই যুক্তরাষ্ট্রের সিকিউরিটিজ আইন মেনে চলতে হবে, যার মধ্যে ইনসাইডার ট্রেডিংয়ের উপর নিষেধাজ্ঞা অন্তর্ভুক্ত রয়েছে। যদি ওয়ালমার্ট বা আমাদের ব্যবসায়িক অংশীদারদের সম্পর্কে আপনার কাছে কোনো গুরুত্বপূর্ণ বা সংবেদনশীল তথ্য থাকে যা জনসাধারণের জানা নেই, তাহলে ওয়ালমার্টের বা সেসব অন্য কোম্পানির শেয়ার ক্রয়-বিক্রয় করা আপনার জন্য অবৈধ হবে। অভ্যন্তরীণ তথ্যের উদাহরণগুলোর মধ্যে রয়েছে আর্থিক ফলাফল, মূল্য নির্ধারণ বা বিপণনের কৌশলে পরিবর্তন, উল্লেখযোগ্য মামলা বা চুক্তি, ব্যবস্থাপনা কর্তৃপক্ষের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ পরিবর্তন, এবং ভবিষ্যতের বিক্রয় ও আয় সংক্রান্ত ধারণাসমূহ। অভ্যন্তরীণ তথ্য হিসেবে কোনো কিছু বিবেচিত হবে কিনা সে বিষয়ে আপনি নিশ্চিত না হলে পরামর্শের জন্য আইন বিভাগের সাথে যোগাযোগ করুন।
- **এটি আপনার ভিতরে সীমাবদ্ধ রাখুন।** শুধু সেইসব সহযোগীদের সাথে অভ্যন্তরীণ তথ্য শেয়ার করুন যাদের কাজ করার জন্য সেই তথ্য প্রয়োজন।
- **অভ্যন্তরীণ টিপস শেয়ার করবেন না।** ওয়ালমার্টের বাইরে, এমনকি পরিবারের সদস্য বা বন্ধুদের সাথেও অভ্যন্তরীণ তথ্য শেয়ার করবেন না। কারো শুনে ফেলা এড়াতে, অভ্যন্তরীণ তথ্য নিয়ে আলোচনা করার সময় আপনার চারপাশ সম্পর্কে সচেতন থাকুন।

**অভ্যন্তরীণ বাণিজ্য সম্পর্কিত নীতিমালা**

## যদি এমন হয়?

**আমি জানি যে আমাদের এক সরবরাহকারী একটি বিস্ময়কর নতুন পণ্য চালু করতে যাচ্ছে। খবরটি জনসম্মুখে প্রকাশিত হয়নি। আমি কি কোনো বন্ধুকে সেই কোম্পানিতে শেয়ার কেনার পরামর্শ দিতে পারি যদি কেন কিনবে তা প্রকাশ না করি?**

না। আপনি যদি সুপারিশের জন্য কোনো কারণ নাও দেন, তবুও আপনি যদি অভ্যন্তরীণ তথ্যের ভিত্তিতে সুপারিশটি করেন তাহলে আপনি আইন লঙ্ঘন করছেন। ট্রেডিং অনুমোদিত কিনা সে সম্পর্কে আপনি অনিশ্চিত থাকলে আইন বিভাগের সাথে যোগাযোগ করুন।

## কোনো সন্দেহ থাকলে–যোগাযোগ করুন।

যদি আপনার কোনো প্রশ্ন বা উদ্বেগ থাকে, তাহলে আপনার ম্যানেজার, পিপল লিড, অথবা এথিকস ও কমপ্লায়েন্স বিভাগকে জানান।

সততা গড়ে তোলে আস্থা
আমাদের আচরণবিধি

# গ্লোবাল এথিকস হেল্পলাইনের নম্বরসমূহ

**আর্জেন্টিনা** 0800-888-0124
**বাংলাদেশ** 000800-031016
**বতসোয়ানা** 00269-800-7861-036
**ব্রাজিল** 0-800-761-1943
**কম্বোডিয়া** 1800-20-8963
**কানাডা** 800-963-8442
**কানাডা (ফ্রেঞ্চ)** 800-805-9121
**চিলি** 800-550707
**চীন** 400-120-4020
**কলম্বিয়া** 01800-913-7496
**কোস্টারিকা** 0800-542-5443
**ডোমিনিকান রিপাবলিক** 1-888-751-8878
**ইকুয়েডর** 1-800-000-884
**মিশর** 0800-000-9471
**এল সালভাদোর** 800-6126
**ফ্লিপকার্ট (চীন)** 400-120-0384
**ফ্লিপকার্ট (ভারত)** 1800-102-1482 ও 800-050-1482
**ফ্লিপকার্ট (ইসরাইল)** 1-809-467272
**ফ্লিপকার্ট (সিঙ্গাপুর)** 800-492-2426
**ফ্লিপকার্ট (যুক্তরাষ্ট্র/কানাডা)** 1-800-564-4163
**ফ্রান্স** 0800-903277
**ঘানা** 030 708 4830
**গুয়াতেমালা** 1 800 8350377

**হন্ডুরাস** 800 222 00141
**হংকং** 800-930-587
**ভারত** 000-800-040-1503
**ইন্দোনেশিয়া** 007-803-321-8281
**ইসরাইল** 1-809-477-259
**জাপান** 0120-692-344
**জর্ডান** 0800-22319
**কেনিয়া** 0800 221 9008
**লেসোথো** 800 62000
**মালাউই** 0800-026-9000
**মালয়েশিয়া** 1-800-817-362
**মেক্সিকো** 800 963 8422
**মরক্কো** +212-5204-85021
**মোজাম্বিক** 824001
**মিন্ত্রা (ভারত)** 1800-102-1482
**নামিবিয়া** 800000077
**নেদারল্যান্ড** 0-800-024-9759
**নিকারাগুয়া (টিএফ)** 001-800-220-1967
**নিকারাগুয়া (স্থানীয়)** 505 2248 2275
**নাইজেরিয়া** 0708 060 1109
**পাকিস্তান** 00800-90-033-041
**পানামা** 800-0413
**পেরু** 0800-78378
**ফোনপি (ভারত)** 1800-102-1482

**সিঙ্গাপুর** 800-130-1529
**দক্ষিণ আফ্রিকা** 0800 203 246
**স্পেন** 900 876 292
**সোয়াজিল্যান্ড** 8001333
**তাঞ্জানিয়া** 0800 78 0006
**থাইল্যান্ড** 001-800-13-203-9969
**তুরস্ক** 00-800-113-6848
**উগান্ডা** 0800 113224
**যুক্তরাজ্য** 0800 051 8266
**সংযুক্ত আরব আমিরাত** 8000-3201-39
**যুক্তরাষ্ট্র** 800-963-8442
**ভিয়েতনাম** 120-32-518 ও 122-80-160
**জাম্বিয়া** 8877

*নোট: নম্বরগুলো পরিবর্তিত হতে পারে।

# প্রশ্ন ও উদ্বেগ

আপনার ম্যানেজার, পরবর্তী-স্তরের ম্যানেজার, পিপল লিড, এথিকস ও কমপ্লায়েন্স, বা আইন বিভাগের সাথে কথা বলুন।

www.walmartethics.com    ethics@walmart.com

**800-963-8442 (1-800-WM-ETHIC)** যুক্তরাষ্ট্র, কানাডা, ও পুয়ের্তো রিকোতে, বা আপনার স্থানীয় ফোন নম্বর।
এথিকস হেল্পলাইন দিনে 24 ঘণ্টা, সপ্তাহে 7 দিন এবং বেশিরভাগ স্থানীয় ভাষায় পাওয়া যায়।

**ওয়ালমার্ট ইনক.**
দৃষ্টি আকর্ষণ: Global Ethics & Compliance, 702 SW 8th Street, Bentonville, AR 72716-0860